উষাহরণ

গীতাভিনয় ।

<u> এতি অনুদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়</u>

প্রণীত্র।

কলিকাতা

পাত্রিয়া-ঘাটা ৪৭ সংখ্যক ভবনে সাহিত্য-যত্ত্রে জ্রীইশানচন্দ্র বিশ্বাস দারা মুক্তিও।

> সন ১২৮১ সাল। মূল্য ॥০ আনা মাতা।

বিজ্ঞাপন !

মহামহিমাসম্পন্ন দেশনান্য জ্ঞীল জ্ঞীবুক্ত রাজা ক্যোভীজ্র-মোহন চাকুর বাহাদুর মান্যবরেষু।

নিবেদন মেতং।

এই কবিকুল–চূড়ামণি কৃষ্ণদৈপায়ন মহর্ষি বেদবাাস প্রণীত জীমন্তাগবতান্তর্গত উষাহরণ নামক অংশটি মৎ কর্ত্ক গীতা-তিনয়ছলে পরিবর্ত্তিত হইয়। এতদেশে কয়েকবার অভিনয় হইয়াছিল, কিন্তু দুদৈব বশত তম্মধ্যবর্ত্তী কয়েকজন প্রধান প্রধান অভিনেতা অকালে কালগ্রাসে পতিত হওয়াতে আগাকে এককালিন ধারপর নাই নিরুৎসাহি এবং ভগ্নোদাম হইতে যা মুতরাং সেই অভিনয়স্থাক বিশুদ্ধ আনোদে একবারে জলাপ্রলি দিতে হইল। এবং তদ্বিষয়ক মনোবৃত্তিরও সম্পূর্ণরূপ বিকৃতি ভাব উপস্থিত হওয়াতে আমি এক প্রকার আন্থাশূন্য হইয়া পড়িলাম।

সংপ্রতি কতিপয় সহৃদয় বিদ্যোৎসাহি বান্ধববর্গের উৎসাহে সাহসী হইয়া এই উষাহরণ গীতাভিনয় থানি মুদ্রিত করিয়া আপনাকে উপহার স্বরূপ প্রদান করিলাম। ইতঃপূর্ব্বে আপনি মদ্রচিত শকুস্তলা গীতাভিনয় থানির প্রতি যে যথোচিত প্রযন্ত্র এবং উৎসাহ প্রদর্শন করিয়া নিজবায়ে তাহা মুদ্রিত করিয়া দিয়াছিলেন, তাহাতে আমি মহাশয়ের নিকট চিরকুতজ্ঞ হইয়াছি। দ্বিতিয়তঃ এবারেও, সাহস পূর্ব্ধক এই গ্রন্থখানি মুদ্রিত করিয়া আপনার সবরুণ দৃষ্টিপথে সমর্পন করিলান। যদিও ইহা আপনার বিশুদ্ধ নেত্রপথের যোগা নহে, তগাপি আমার ইদৃশ সাহসের কারণ এই যে, পরেশ মণির সংযোগে যেমন লোহপিণ্ড সুবর্গাকার ধারণকরে, তত্রপো আমার এই লোহরূপ কটিন এবং কর্মশ গ্রন্থখানিও আপনার পরেশ সদৃশ দৃষ্টিযোগে অনায়াসেই কাঞ্চনকান্তি ধারণ করিয়া সাধারনের আদরণীয় হইতে পারে সন্দেহ নাই। এক্ষণে প্রার্থনায়ে আপনি এবং অন্যান্য সরলক্ষয় পাচকবর্গ আমার এই ক্ষুদ্র পুস্তকথানির উপর দ্যাদ্রচিত্তে এক একবার অবসরক্রমে দৃষ্টিপাত করিলে আমি শ্রামের সাথিকিতা লাভ করিব ইতি।

কলিকাতা যন ১২৮১ ২৫ শ্রাবন।

জ্ঞী অন্নদাপ্রদাদ বন্দ্যোপাধ্যায় সাং বলাগড়ি।

উষাহরণ-গীতাভিনয় ৷

नरहेत्र श्रायम ।

(গীত)

রাগিণী ইমন্—তাল চৌতাল।

প্রণমতি প্রমেশং। ত্মশেষ গুণধারণং, প্রমার্থ প্রাৎপর গজাদ্য গণেশং॥

খর্বাকৃতি সর্বাধার, মর্মজ্ঞানাতিত যার, সর্বত্র শিব সঞ্চার, স্মরণে বিশেষং॥
রাগিণী ইমন—তাল আড়া।

কালী কাল বরণী। কালভয় নিবারিণী, কালকুটক্তমহাকাল কামিনী॥

ত্রিগুণা ত্রিতাপহরা, ত্রিনেতা ত্রিপুরা তারা, ত্রিদেব সুত্পুকরা, ত্রিলোক তারিণী॥

নট।—আহা! আজ্ আমার কি সেভাগা! আমি এতাবংকাল এতদেশীয় বহুতর সভা দেখেছি, কিন্তু অদ্য-ক:র মত অভূতপূর্কা অসদৃশী সভা ত কথন দৃষ্টিগোচর হয় নাই। সুরগণ সমাধিষ্ঠিত ইন্দ্রসভা দুটে যাঁহারা অতীব ছাশচর্যা এবং অলোকসম্ভূত বলে বর্ণনা করেছেন, বর্ত্তমান সভা দেখ্লে বোধ হয় উহিাদের সে জ্রান্ডি দূর হয়। কারণ সুরসভা একা দেবরাজ দ্বারা শোভিতা, এ সভা শত শত ইক্রসদৃশ অতুল প্রভাব ও ঐশ্ব্যাশালী সুধীনম্পন্ন সভা সমূহে সমভাবে শোভা বি্ন্তার কচেন। কি আশ্চঠা : এতাদৃশ মহানুভৰ বিদ্যোৎসাহী, গুণগ্রাহী, জনগণের একত্র সনাবেশ প্রায় দেখা যায় না। বোধ হয় আমার সেভিাগ্য-ক্রমেই এরপে সংঘটন হয়ে থাক্বে, তবে দুঃখের বিষয় এই যে, আমার তেমন গুণ নাই, ত। হলে বোধ করি প্রথমতঃ এই সভার দেশিদ্ধা বর্ণনেই সভাগণের চিত্ত প্রেসন্ন কর্ত্তাম ৷ এবং আপনিও কার্যের মার্থকতা লাভ কর্তাম্। কি করি, বোবের স্বপ্নপ্রায় মনোদুঃখ মনোমধ্যেই গোপন কর্ত্তে হলো। (চতুর্দ্ধিক্ অবলোকন পূর্ব্বক) তবে প্রেম্নি! ছরায় এক বার এখানে এস দেখি ১

(নটীর প্রবেশ।)

রাগিণী কালাংড়া—তাল আড়া।

প্রেয়নি প্রেয়নি বলে আজ কেন হে এত আদর।
ভাবিয়ে যে পাইনে নাথ, বল কোন ভাবের
ভাব এ তোমার।

হাসি পায় ছুঃখও ধরে, কখন কি ভাব উদয়ান্তরে,

আমরা নারী মরি ডরে, হে গুণাকর ।
তাই তোমায় সুধাই হে স্থা, কি ক্ষণে আজ্
হলো দেখা, বিধুমুখে মধু মাখা, শুনিলাম প্রিয়ুদি
স্বর ৷

নটী। কি হে সধা! আজ আমার যে বড় সৌভাগা দেখ ছি,—যার কখন নাই ইতু পুজা, রাতারাতি দশভূজা,— বলি কথাটা কি ?

নট। কেন প্রিয়ে এটা কি তোমাদের স্ত্রীলোকের একটা স্বধর্ম, যে আমরা হাজার করে মলেও তার নাম নাই, চির-কালটাই ত এইরূপ ঘণ্টার গরুড়ের মত দিবা রাত্র জ্যেড় হত্তে আছি, বিষয়কর্ম, লোকধর্ম সকল ত্যাগ করে কেবল চিরবিক্রীতের ন্যায় মন যোগাচ্ছি তাতেও কি তোমার জনাদর, এততেও মন উঠুলো না।

নটী। ওহে ওকথাটা আমাদের পক্ষে, কেন না, মেয়েমানুষ স্বভাবতই পরবশা দেখ, হাত, পা, মুখ, চক্ষু সকলই
আছে, কিন্তু সে কিবল চিনির বলদ, কথা মাত্র সার, পুরুষের
কাছে সকলই বন্ধ। বল, বুন্ধি, কৌশল, কিছুই খাটে না।
আমাদের স্ত্রীলোকদের শরীরে যদি সব গুণই থাকে, তথাপি
চোরের ন্যায় পুরুষের নিকট সদা সাপরাধি। আর তোমাদের ভাই একটু পানে থেকে চুন খুস্লে আর রক্ষা
থাকে না।

রাগিণী খামাজ—তাল কাওয়ালি।

সকলই রমণীর প্রাণে সয় । হে রসময় ।
সহজে অবলা নারী সরল হৃদয় ॥
মার রাখ দাও যন্ত্রণা, তথনই ছৃঃখে মগনা,
হেঁদে কথা কৈলে মনে আর কিছু থাকে না,
ধিক্ নারী জনমে সদা লাঞ্জনা, সুখের মধ্যে
থেচে মান কেঁদে সোহাগিনী হয় ।

নট। প্রিয়ে! তুমি ষাবল্চ, সকলই সত্যা, তবে আ-মাকে তুমি কোন প্রকারে দোষী কর্ত্তে পার্বে না, দুট কথাবলা দরে থাক্ কথন তুমি ছেড়ে তুই বলি নি।

नित्र । मथा ! कथाय कथाय करत तिन् । मूर्य मधु शहन

বিষ ।। তাই বলি লোকের মনের কথা কে বলতে পারে।
ভাই! যে মুখেতে মধু, আবার সেই মুখেই বিষ উৎপত্তি হয়।
নট। বিধুমুখি! তুমি যাই ভাব, আর ষাই বল, আনি
ধর্ম পক্ষে স্থির আছি তাতে কোন মতেই আমাকে অপরাধী কর্ত্তে পার্বে না, আমার উপার সে অভিমান ধরা
উচিত নয়।

রাগিণী সিন্ধু—তাল মধ্যমান।

করো না করো না অভিমান, অরে অরে এগ। বিশানে সেথানে থাকি মন বাধা তব ভান। তুমি যা ভাব প্রেয়সি, তাহে আমি নহি দোষী, ও মুখ শরদ শশি, দিবা নিশি করি ধান।

নটা। (হাস্যমুখে) না না স্থা, তবে কি না আমাদের
স্ত্রীজাতির একটা সধর্মই যে আপন প্রিয়জনের কাচে গেলেই
আগে দুট আদর কাড়ালে কণা কইতে হয়, তা ভাই মনে
কিছু কর না। এখন কথাটা কি বল দেখি ?

নট। প্রিয়ে আর কিছু নয় তবে কি না যে কোন খাদ্য স্থানিষ্ট বোধ হয়, তা আপন প্রিয়জনকে খাওয়াইতে ইচ্ছা হয়, যে বিষয় অতি শুতনধুর হয় তা আগে প্রিয়াকে শোনাতে ইচ্ছা হয়, এবং যে বিষয় দেখুলে মনের প্রফুল্লত। জন্মে, তাহাও প্রণয়াক্ষাদকে না দেখালে প্রাণ ভুপ্ত হয় না। জতএব আজ্ এই সুন্দর সভার শোভা দেখাবার জন্যই ডেকেছি। দেখ দেখি এমন বিবিধ বিদ্যা, রূপা গুণ সম্পন্ন জনগণের একত্র সমাগম কখন দেখেছ কি ?

নটী। কৈ প্রায় ত দেখা যায় না,—তবে এঁদের অভি-প্রায় কি,জেনেছ ?

্নট। বোধ হয় তোমার স্কুমধুর সঙ্গীতাদি আবণের মানস।

নটী। সে কিহে নাথ এটা যে অসম্ভর কথা, আনারা অতি সামান্য ব্যক্তি এমন কি বিষয় জানি যাতে এই স্ভ্য-গণের মনোরঞ্জন হতে পারে।

নট। তা সত্য, তবে কি না একটা কথা আছে ''নাধ্লেই সিদ্ধ " সাধনে দেবতারা বাধ্য হন,—মনুষ্যের প্রসন্নতা লাভ কর্ত্তে পার্ব না ১

নটী। তা বটে চেষ্টার অসাধা কি আছে। তবে এখন-কার সভাগণ অধিকাংশই নাটক প্রিয়, আমাদের সঙ্গীতে কি মনঃসংযোগ কর্বেন ?

নট। কেন প্রিয়ে তুমি তে একদিন আমাকে বলেছিলে, যে, যদি মনের মত শ্রোতা পাই তবে একটা অভিনব গীতা-ভিনয় প্রকাশ করি।

निष्ठी। है। है। नाथ जान मत्न करत्रक्, अमाकात मजाव उनुभारमाभी वर्षि। নটা দুল্বরি ! কোন্বিষয়ের গীতাভিনয় ? নটা । উষাহরণ ও বাণ্যুদ্ধ ।

নট। হাঁওটা জীমদ্ভাগবতান্তর্গত মূতন ব্যাপার বটে, এজন্য সভাগণের আদরণীয় হতে পারে। অতএব চল আমরা এক্ষণে ব্রায় অভিনয়েচিত সজ্জায় সজ্জিত হরে আসি।

নটা। হাতবে চল।

(উভয়ের প্রস্থান।

-0-

(পারিপাশ্বিক।)

बिशमी।

শ্রবণে অমৃতময়, সর্বপ্রিয় রসালয়
তথা অনিক্রদ্ধ বিবরণ।
বাণ নামে ছিল রাজা, মহি মধ্যে মহাতেজা,
বিক্রমে বিজয়ী ত্রিভুবন।।
উষা নামে তাঁর কন্যা, রূপে গুণে মহিধ্ন্যা,
সংসারে নাহিক তার সম।

স্থী স**ঙ্গে অ**বিরত, বালাক্রীড়া করে কত, ক্রমে ক্রমে বার্ডে বয়ঃক্রম ॥ যেন কোন অভিপ্রায়, উষা দেহে উষা প্রায়, যৌবনরপ ভানু সমুদিত। দিন পেয়ে হীন ভয়, হদি পদ্ম প্রকাশয়, অঁাথি ভঙ্গ ব্যাগ্র সমূচিত।। এইরূপে রসবতী, হয় শোড়ধী বুবতী, ডথাপি বিবাহ নাহি হয়। यन मूश्य गरन मरन, तारथ धनी व्यानशरन, স্থিদের তথাপি না কয় !! এক দিন রাত্র শেষে, আছে ধনী নিদ্রাবেশে, (इनकाल (पिश्रल खर्भन। রসময় গুণাকর, পুরুষ এক মনোহর, আদি করে প্রেম আলিঙ্কন।। নিদ্রা ভঙ্গে নিশি ভোরে, না হেরে সে মনচোরে, অমনি অধৈর্য্য ধরাদনে। কি হল কি হল বলে, স্থিগণ ধরে তে'লে, শতধার বহে দুনয়নে।। জিজ্ঞাসিলে পরিচয়, কোন কথা নাহি কয়, শ্বাদ মাত্র বহে দীর্ঘতর। সবে বলে একি দায়, কি হবে এর উপায়,

উৎকপ্তিভাগে পরম্পর।।

রাগিণী পরজ্ তাল তিওট্॥

করহে শ্রবণ সুরস কীর্ত্তন।
বেইক্রপে উষাসজে হলো অনিক্রকের সন্মিলন।
শ্রবণে অতি মাধূর্য্য, ক্ষলীলা কি মাশ্চর্য্য,
রসিক রঞ্জন, আছে পুরাণে পুর্ণিত রস বচন॥

মাধ্বী। সথি চক্রাবতি! তুমি কি এর ভাব কিছু বুক্তে পাচ্চ, কেন না তোমার সঙ্গেই রাজনন্দিনীর খোলাথুলিটে কিছু জেয়াদা দেখতে পাই।

চক্রাবতী। সে কি গো! এটা কি আমার মন ছলে দেখ্চ নাকি;। আমি ত জানি তুমিই এর মূলাধার, চাকুরনী ত তোমার অনবধানে কখন কোন কাজ করেন না, তুমিই ও ওঁর গুরুমহাশয়, যা শেখাও তাই শেখেন, যা করাও তাই করেন।

মাধবী। না সথি আমি দিক্সি কর্প্তে পারি এর ভাল মন্দ্ কিছুই জানি না (উষার প্রতি) হাঁগো রাজকন্যা আমরা ত জন্মাবধি তোমার সঙ্কে একত্রে মনের মুখে সদা আমোদ আহ্লাদে কাল যাপন কচ্চি, তুমিও আমাদের কথন পর ভাব না, তবে এবার এমন হলো কেন মনের কথাটী কি থুলে বল্তে হবে।

রাগিণী কালাংড়া তাল আড়া।

কি সাধে বিষাদ মনে আছলো অধোবদনে ।
শশিমুখ শুখায়ে কেন শতধার বহে নয়নে ।
মার্জিত সুবর্ণলতা, সে বর্ণ লুকাল কোথা,
কোথা বা সে মধুমাথা হাসি এক্ষণে, শুনি তাই
বল প্রকাশি, কি ব্যাধি ঘটিল আসি, দেখে মরি
আমরা দাসী ভাসিগো ছঃখ জীবনে ।।

চন্দ্রা। স্থিগতিক বড় ভাল নয়। চল নয় একবার চিত্রলেখাকে ডেকে আনি।

মাধবী। হাঁ ভাল বলেছ তিনি এ সকল রোগের ধন্ব-স্তরি, রোগীর মুখ দেখে রোগ টেনে বার্করেন, চল তাই যাই (পশ্চান্দূটে) ঐ যে মেঘ চাইতেই জলের উদয়, সথি আর যেতে হবে না--এ দেখ চিত্রলেথা আপনিই আস্ছেন।

চিত্র। কি গো? তোদের আজ এমনধারা দেখ্চি ধেন । (সচকিতে) ওমা এ আবার কি ? উষার আবার কি হয়েছে, এমন মলিন বদন, সজলনয়ন, ছিল্লভূষণ, ধুলায় পড়ে রোদন কচেন, বলি কথাটাই বা কি ? মায়ে ঝিয়ে কি আর কারও সঙ্গেত কোন বচসা হয় নি।

চন্দ্রা। কৈ না—আমরা ত ওঁর কাছ ছাড়া একদণ্ডও নই, আজ দশদিন ত মায়ে ঝিয়ে, কথা দূরে থাক, দেখাটাও হয় নি:—আজ্ সকালবেলা ঘুম ভেঙ্গে পর্যান্ত এইরূপ দেখছি, ভাল মন্দ ভাই কিছুই জানি না—ডাক্লে কথা কন্ না,— বুঝালে বুঝেন না,—কিবল রোদন কচ্ছেন, জিজ্ঞাসা কর্লে এক এক বার কিবল দীর্ঘ নিশ্বাস কেলেন, এখন তুমি এস্ছ, ভাল হয়েছে, যা হয় কর॥

রাগিণী খাঘাজ। ত'ল একতালা।

স্থি দেখ যদি পার জান্ত।

হইয়ে, সচিন্তে, ঠাকুরঝি কিভাবে ভাবান্তর ভাবে
ভাবে নিশি দিবে, মান্স ভান্তে।

জিজ্ঞাসিলে কথা কয়না কার সনে, নয়ন জল
ধরা যায় না ধরাসনে, প্রবোধ অন্তরোধ নাহি
মানে মনে, কি জানি কি ছঃথে দহে একান্তে।

চিত্র। ওলো স্থিগণ ! তোরা এর কি বুঝ বি বল, ভুক্ত-ভোগি ভিন্ন কার সাধা এ রোগ চিন্তে পারে, একবারকার রোগী,—আরবার কার ওঝা, এও কি জানিস্নে, এই দেখ এখনই রোগের মক্ত ঔষধ দিচি (উষার প্রতি) ইাগা রাজনদিনি তুমি কি পাগল হয়েছ, ওঠ ওঠ, যার জন্যে যা—ভা আমি সকলই বুঝেছি, আমাদের কাছে ভা ভোমার বল্তেলক্ষা কি ?—ভোমার মনের ভাব কি আমাদের এখনও

বুঝ্তে বাকি আছে, (উষার হস্তধারণ) উঠ উঠ, এখনি তোমার মনোদৃঃখ দুর কচ্ছি, তায় ভাবনা কি ্—এমন কথাটা কি—বল দেখি শুনি।

উষা। প্রাণ্নই! বল্ছ বটে কিন্তু সে অসাধ্য—আর কি বল্বো।

রাগিণী টোরি ভৈরবী।—তাল একতালা।

বল্বো কি গো স্থি বিরহে প্রাণ বায় ৷
স্থপ্নে দেখা দিয়ে নাথ লুকাল কোথায় ৷
ওরে নিদারণ বিধি, এ তোর কেমন বিধি, দিয়ে
হরে নিলি নিধি, বধি অবলায়; কি কাল নিজা
ভঙ্গহল, সুখ সর্বরী পোহালো, প্রাণনাথ কোথা
রহিল, বলগো আমায় ৷৷

চিত্র। (হাস্থমুখে) বলি এই কথা আর ত কিছু নয়, ইাগো এর জন্য এত কাতর কেন ?—এখনই তোর স্বধ-বিলাসী মনচোরকে ধরা দূরে থাক্, বেঁধে এনে দিব, এখন এক টু ধৈষ্য হও ব্যস্ত হলে চল্বে না।

উষা। প্রিয়সখি! তুমি বল্ছ বটে, কিন্তু দেখ একে এই যৌবনকাল, তাতে ঋতুরাজ বদস্তের আধিপত্য, আবার এই বিষম স্বপ্ন দর্শন, হাঁ। সই! একা প্রাণে কত সবে বল দেখি।

মাধ্বী। (হাস্যমুখে) তাইত সৰি লোকের একটায় রক্ষা

নেই আমাদের চাকুরঝির শরীরে একেবারে মণি কাঞ্চনাদি ত্রিবিধ যোগের সংযোগ হয়েছে।

উবা। স্থি মাধ্রি। তুমি এখন কি রসরক্ষের সময় পেলে।—

চিত্র। কেন গো, এত উতলা কেন ?

রাগিণী কালাংড়া।—তাল আড়খেনটা।

এত ব্যস্ত কেন ধনী, ওগো রাজনন্দিনি! তোমার চোরধরাফাদ পাতি এখনি ৷৷ উত্তলা হলে কি হবে, আশয়ে মন ছদিন সবে, বিশ্বে কাজ সিদ্ধ সবে, বলে ওলো চাঁদ্ৰদ্নি ৷

পারিপার্থিক।

প্রযাব।

এই বলি যোগমায়া মহামন্ত্রবলে।

চিত্র করে চিত্রে স্বর্গ মর্তা রসাতলে।

দেবাদি গন্ধর্ম যক্ষ রক্ষো নরলোকে।

বিচিত্র দেখে সে চিত্র চমৎকৃত লোকে।

(২)

নাগাদি কিন্তর লোক লিখি চিত্র পটে। দেখাবারে যায় ধনী উবার নিকটে।।

চিত্র। নৃপস্থতে ! দেখ এই চিত্রপটে স্বর্গ, মর্ত্য, পাতাল প্রভৃতি ত্রিভুবন চিত্রিত, করেছি,—এই দেখ দেবলোক, এই গন্ধর্ম, আর এই দেখ নরলোক, এর মধ্যে তোমার সেই চিত্রচোর আছে কি না ?

উষা। কৈ, না সখি আর কি সেই বিচিত্র চিত্তহরক্সপ এই পাপনয়নে দেখতে পাব ১

রাগিণী ঝিঝিট্। তাল আড়া।

সই রে, সেরূপ স্বরূপ আর কি হেরিব নয়নে। যেরূপ জাগিছে আমার জাগ্রত স্বপনে মনে। এ চিত্রে কি চিত্ত হরে, যে চিত্র আছে অন্তরে, চিত্রে গো সুচিত্র করে, দেখাও সেই চিত্তরঞ্জনে॥

চিত্রা। কি আশ্চর্যা! ওলো চন্দ্রাবৃতি, দেখ দেখি এই বিচিত্র চিত্রপট্রতায় আমার নাম চিত্রলেখা হয়েছে, আর এই চিত্রপটে আমি চতুর্দ্দশ ভূবন চিত্রিত করেছি, তথাপিও সেই উষার চিত্রচোরের অনুসন্ধান হল না। দেব-তাই হোক বা নরলোকই হোক, কিন্তা গন্ধর্মাদিই হোক, আমার এই চিত্রকলকের মধ্যে সকলেরই প্রতিমূর্ত্তি দেখ্তে পাবে, তার কোন সন্দেহ নাই, তবে কেনই বা সেই স্বপ্ন বিলানীর প্রতিমূর্ত্তি পরিদর্শিত হল না—

চন্দ্র। তাই ত সথি, আমরাও আশ্চর্য্য হয়েছি—কেন
মা অন্যের কথা দূরে থাক্, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর প্রতৃতি
ছত্রিশকোটী দেবতাও তোমার ঐ অলোকসম্ভূত চিত্রকোশলগুণকে অতিক্রম কর্ত্তে পারেন না, তবে কেনই বা সেই
প্রবঞ্চক চোরের নিদর্শন হল না। (উষার প্রতি) প্রাণস্থি
অতি স্থিরমনে, অজলনয়নে, আর একবার নয় ভাল করে
দেখ, অবশাই তোমার মনোরথ পূর্ণ হবে, এই চিত্রপটেই
তাঁর দর্শন পাবে,—

চিত্রা। না, না, সথি ভুল হয়েছে,—তাই ত বলি,--ওলো দারকাপুরী লেখা হয় নি, (চিত্রলেখার পুনঃ চিত্রপটে লিখন)রাজনন্দিনি এইবার দেখ দেখি, এই দারকানাথ কুষণ,—

উষা। ব্যস্তভাবে কৈ, কৈ, সখি ভাল করে দেখি, আহা! কি আশ্চর্য্যরূপ, সখি কালরূপের এমন শোভা ত কখন দেখি নি, যা হউক এই আকুতিই বটে—

চিত্রা। তবে আর ভাবনা কি । এই দেখ কৃষ্ণের পুত্র কলপ (তদ্ টে উবা লজ্জায় অধাে মুখী হইয়া মন্তকে অব-গুণ্ঠন প্রদান করেন) রাজনন্দিনি, বুঝেছি আর যাও কােথা, এইবার দেখ দেখি (অনিক্লের মূর্ত্তি দেখে উবা উন্মন্তার ন্যায় ত্রান্তভাবে স্থি এইধ্রেছি) চিত্রশােখা না, না, না, এ যে চিত্রপটে সেই কন্দর্পকুমারের প্রতিমূর্ত্তি চিত্র করেছি (স্থগত) হায়! নিষ্ঠুর অনঙ্কের কি অনির্ব্বচনীয় মহিমা,—এমন সরল হৃদয়া অবলাকেও একেবারে উন্মাদিনী করেছে, চিত্রমূর্ত্তিকেও জীবিতেশ্বর জ্ঞানে আক্রম কর্ত্তে যাচ্ছে, কি আশ্চর্যা! (প্রকাশে) নৃপস্থতে চিন্তা কি ? এখনই তোমার সেই প্রাণেশ্ররকে এনে দিব, স্থির হও।

রাগিণী কালাংড়া। তাল কাওয়ালি।

কেন আর বিরস্বদনে বিনোদিনী।
আমি চলিলাম দারকাপুরে আনিতে তোর গুণমণি।
অবলার মন চুরি করে, আর কোথা পালাতে
পারে, ধরবো চোরে বাঁধব জোরে, প্রথমডোরে,
এনে দিব সে নাগরে, রেখে হুদিকারাগারে,
দণ্ডে দণ্ডে মান দণ্ড করলো বিধুবদনী।

উষা—। সথি! তবে আর বিলম্ব করো না, ছারকায় যাত্রা কর।

চিত্রা—। ঐ ত তোমার এখন আন্ বল্লে টান্ সয় না, আমায় যেতে হবে, চারি দিক্ ভাবতে হবে, সকল কুর্মের আগে একটা ভাল মন্দ বিবেচনা চাই, আমরা তোমার দাসী, যা বল্বে তাই কর্ত্তে হবে সত্যা, তবে একটা কথায় বলে আপ্ত রেখে ধর্মা তবে পিতৃলোকের কর্ম।

উষা—। স্থি! বুঝেছি, তবে তোমার সেখানে যেতে ভয় হচ্ছে।

চিত্রা—। রাজনন্দিনি! তা মিছে নয়, আমি কোন্ ছার, দেখানে যমের যেতে ভয় হয়, ছাপ্পান কোটী যদু-বংশে সেই প্রিখানি রক্ষা কচ্ছে, একটা নাছি প্রবেশ হতে গারে না, আমি ত মানুষ।

উয।—। তবে আর রম্বলোভে অকুলসমুদ্র ছেঁচে কি হবে, এখন বুন্লাম যে কালরূপেই আমার কালস্বরূপ হয়ে, স্বঃপ্র দেখা দিয়েছে।

রাগিণী বিঁবিট—তাল আড়া।

আমার কাল হল দেই কালৰপ বুঝিলাম এখন ।
নৈলে কেন স্বপ্নে দেখা দিয়ে হল অদর্শন ॥
র্থা আর পাইতে নিধি, সিঞ্চন করি জলধি,
প্রাণ তাজে আজ্ দেখবো যদি জ্লান্তরেও পাই
দেখন॥

চিত্রা—। (হাস্যমুখে) ভাবটে বটে, ফেটা ত লোকে দেখতেই পাচ্ছে, এখন যমের মুখে চন্নাম, পারমায়ু থাকে ফিরে আস্ব, নৈলে তোমার মরণ জীবনের ঔষধই আগে চল্লেন।

উষা—। সথি ! শুনেছি যাত্রাকালে দুর্গানাম কল্যে কোন বিপাদ্থাকে না, এবং সকল মঙ্গল হয়। অতএব এম, আমরা সকলে একত্রিত হয়ে, সেই বিপদোদ্ধারিণী জগন্তারিণী, আশুদুঃখনাশিনী, আশুতোষগৃহিণীকে সারণ করি।

চিত্রা—। তাই এস, তবে ষোড়পোপচারে তাঁর পূজা করি, তা হলেই তিনি আমাদের প্রতি বরদা হবেন।

मूर्गात खन।

জয় জয় যোগাদ্যা যোগেশী যোগমায়া।
জগতজননী জয়া যোগেল জায়া॥
জয় জয় তুর্গা তুই দয়জদলনী।
প্রণমামি দেবী দয়াময়ী দাক্ষায়ণী॥
জয় জয় সুরেয়য়ী শিবে শুভয়রী।
শতী দনাতনী সাধ্বী শর্বাণী শঙ্করী॥
জয় জয় ত্রিপুরা ত্রিগুণা ত্রিনয়নী।
প্রশামি দেবী দয়াময়ী দাক্ষায়ণী॥

জয় জয় তব তবাতয়া তবদারা।
তবানী তৈরবী তীমা তক্ত তয়হয়।।
জয় জয় গিরিকন্যা গণেশজননী।
প্রণমামি দেবী দয়ায়য়ী দাক্ষায়ণী।।
জয় জয় অপর্ণা অফিকা অস্বা উমা।
অনাদ্যা অনদা আদ্যা অদ্যয়ামুপমা।।
জয় জয় কামিক্যা কামদা কাত্যায়নী।
প্রথমামি দেবী দয়ায়য়ী দাক্ষায়ণী।।

রাগিণী ভৈরবী—তাল আড়া।

কোথা মা অপরাজিতে আদ্যা অনন্তক্ষপিণী।
বুচাও মা মনেরই ছঃখ দুর্গে ছর্গতিনাশিনী॥
কুনকুণ্ডলিনী সতী, আমি কন্যা কুলবতী,
প্রাণ রাথ মা দিয়ে পতি, ওগো পতিতপাবনী॥

পারিপার্শ্বিক।

(ধূয়া ।)

শুন শুন শভাজন, কি আশ্চর্য্য ঘটন। উষাবতী পাৰ্বতী পূজায় দিল মন॥ স্থী সঙ্গে কুতাঞ্জলি মুদ্রিত নয়ন। माथान इरम् मन्त्रा, जल्म निरम् जल्मा, চিত্রার প্রতি দৈববাণী হইল তথন। দারকাপুরে সত্তরে করহ গমন।। দিশাম এই মন্ত্র বলে, সর্বত্রে যাবে কুশলে, অনিরুদ্ধে আন ছলে, করিয়ে হরণ ৷ যোগমায়া মন্ত্র পেয়ে সহাস্যবদন । তবে ধনি উষাপ্রতি কহে বিবরণ॥ তবে উষা রসবতী, পুলকে পূর্ণিতা অভি, চিত্রলেখায় বলে তবে মধুর বচন।।

উষা—। নথি! তবে আর বিলম্ব করো না। আরি সেই প্রাণেশ্বর বিনা পলকে প্রলম্ম জ্ঞান কচ্ছি। প্রতিক্ষণ-বংসর চারিদিক্ শুনা, গৃহ অরণাপ্রায় দেখ্ছি, স্থি রে! দ্বরায় সেই ধারকায় গিয়ে আমার হৃদয়বল্লভকে এনে তাপি-ভাঙ্গ শীতল কর।

রাগিণী বেহাগ—তাল জৎ।

যা গো সথি আনিতে মোর মনোরঞ্জন ।
প্রাণ সই কত সই প্রাণের কালবরণ্'॥
বিনা কত কাল আর রাখি জীবন ।
যে দিন তার স্থপনে হেরি, মনঃ ফিরাতে নারি,
দাসী হয়ে আছি তারি, স্পে জীবন যৌবন॥

চিত্রলেখার দারকায় গমন।

(ধ্রা।)

যোগমায়া মন্ত্র পেয়ে চিত্রা ছ্র্ডমতি। নিশীধ সময়ে উপনীত দারাবতী। দারে দারি প্রহুরী নিদ্রায় অচেতন। দেখে ধনী পুরীমধ্যে প্রবেশি তথন। মন্ত্রবলে দ্বার মুক্ত করি চিত্রলেখা।
কেরে কিবল অনিরুদ্ধের পাইবারে দেখা।
ভ্রমিতে ভ্রমিতে তবে দেখে এক হরে।
নিদ্রা যায় অনিরুদ্ধ পর্যাক্ষ উপরে।
দেবিদক্ত মহামন্ত্র উচ্চারণ করি।
পূর্য্যক সহিত অনিরুদ্ধে নিল হরি।

চিত্রলেখার অনিরুদ্ধেরসহ উষার ভবনে উপনীত।

চিত্রা। কৈ গো রাজনন্দিনি, কোথায় ? উষা। এস এস !—হাঁ সথি তোমায় একাকিনী দেখ্ছি যে, যে জন্য গেলে তার কি হলে:, তবে বুঝি যাওয়া হয় নি।

চিত্রা। কেন মনে কি সন্দেহ হচ্ছে, ভাল ভাল ক্রেম আরও কত হবে।

উষা। না, না সখি তা নয়, পোড়া মন যে কেমন হয়েছে, ষা ভাবি যেন মন্দটাই আনো এদে দেখা দেয়। সত্যি করে বল না ভাই তার কি হলো ?

রাগিণী পরজ—তাল মধ্যমান।

কি হলো কি হলো বল্গো শুনি, দজনি!
কেন হেরি একাকিনী, এলে দে দ্বারকা হতে কৈ
এলো দে গুণুমণি।

সত্তরে সত্য সংবাদ বল ধরি পায়, কি করে এলেগো স্থি ছঃখিনীর উপায়, যে দেখি মোর ছরাদৃষ্ট, মনে হয় সদা অনিষ্ঠ, কি জানি কি করেন ক্লফ, তাই ভাবি দিবা রজনী।

নাধ। সথি ! তোমায় আর কি বল্বে, তুমি ছারকায় গেলে পর আমারা রাজনন্দিনীকে কণ্কাল বিশ্রাম কর্বার অনু-রোধ কলোন, তা উল্টে আমাদের উপর রাগ প্রকাশ কলোন স্বতরাং আমাদেরও আহার নিদ্রা তাগা করে সারানিশি ওঁর সঙ্গে এই গবাক দ্বারে কেবল তোমার আশাপথ নিরী-ক্ষণ কচ্ছি। তবে এখন কর্ম সিদ্ধি হয়েছে ত 2

চিত্রা। (হাস্যমুখে) ওলো চিল্পড়লে কুট না নিয়ে
কি কেরে, আমি চিত্রলেখা, যেখানে ছুঁচ চলে না, সেখানে
বেটে চালাই, সে জন্য চিন্তা কি ? (উষার প্রতি) রাজকুমারি! আর ভাব না কেন, ঐ দেখ নাট্যগৃহের মধ্যে
কোমলশ্যামন্তিত পর্যাক্ষে তোমার সেই চিন্তারে নিজা

যাচ্ছেন। এখন নিজিতাবস্থায় একবার ভাল করে দেখ এই ব্যক্তি বটে কি ন। ?

চিত্রা। ভাই : ভাল বলেছ, এখনও হাত আছে, শেষে উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে না পড়ে, বুম ভাঙ্লে আর ছাড়বে না।ভর্জ দারিকে এই বেলা দেখে গুনে নেও।

উষা। (ঈষদ্হাসামুখে) ওলো সে জনা আমার ভয় কি? যে এনেছে সেই বুঝ বে, ধরা পড়তে সেই ধরা পড়বে তা তোদেরই বা ভাবনা কি, আর আমারই বা ভাবনা কি।

চিত্রা। সথি! এবড় কঠিন চাঁই। গুরু শিবোদেখানাই॥

মাধ। মিছে আর রসরক্ষে কাজ নাই, আগে এস একবার নূতন চাকুরজামাইকে দেখে প্রাণটা চাণ্ডা করি, রসের সময় আছে 1

উষাকে সঙ্গে লয়ে সখিগণের নাট্যশালায় প্রবেশ ৷

স্থিগণ। আমরি এমন আশ্চর্য্য রূপলাবণ্য ত কখনও দেখি নি, আহা! প্রাণসই তুমি যেমন রূপগুণসম্পানা,— বিধি তেম্বনি বরই মিলিয়েছেন।

রাগিণী কালাংড়া—তাল কাওয়ালি।

নারীর মনোমত ধন পুরুষ রতন আর কি এমন আছে ৷

সুবর্ণ পর্যাক্ষে যেন শশাক্ষ উদয় হয়েছে॥
আমরি কি অঙ্গ শোভা, অনঙ্গেরি মনোলোভা,
না হেরি নয়নে কভু না শুনি কাণে, বালাই লয়ে
মরি রপের ইচ্ছা হয় মনে, বিধি কি আশ্চর্য্য
নিধি নির্জনে স্তল্প করেছে॥

মাধ। যাহোক স্থি এনন আশ্চর্য্য ঘটনাও ত কথন দেখি নি, দেখা, কোথা বা এই সনিতপুরী কোথা বা সেই দারকা, কোথা বা আমাদের বাণ রাজা, কোথা বা কৃষ্ণ প্রভৃতি যদুবংশ, কোথা বা আমাদের রাজকুমারী উষা, আর কোথা বা সেই কলপ্রকুমার অনিরুদ্ধ, এদের চক্ষে দেখা দুরে থাকু কখনও কানেও শুনি নি—স্বপ্রের অগোচর।

চিত্রা। ওলো এও কি কেউ বল্তে পারে, বিধাতার নির্দ্ধা, এই যে তুই ত একটা ষোলবছুরে মানী হয়েছিস্ বিয়ে বিয়ে করে হেদিয়েছিস্, দেশে ত অনেক আছে তবে হয় নাকেন ? মাধ। আ মরণ আর কি, আমি প্রায় ওর গলা ধরে বিয়ের জন্যে কান্তে গিয়েছিলাম—গলায় দড়ি দিয়ে মরি না কেন।

চিত্রা। ওলো। কান্তে হয় না, উচন্ত মূল পারনেই চেনা যায়, তাকি থানিশ না—যার সঙ্গে যার আছে লেখা, ফূল ফুটুলেই হবে দেখা,—এই দেখ আমাদের কমলিনীও ফুটেছে কোথা হতে ভূঙ্গরাজও উড়ে এসেছে।

রাগিণী বাহার—তাল খেম্টা 1

मित कि मूर्थंत निन बांक श्राह्य छेनग्र ।

विवारश्त कृत कृष्ट्रिना छेवात, विधित्र कि निर्णत्र ॥

शिव्यनीत छद्द পেয়ে, स्पूक्त मेख श्राह्म,

मधुशान कर्ष्ड अलान बांशीन तममग्न, अन्तिन भूर्व श्राम मरनत बांगग्न, कृत श्राह्म मनन कांति खात कि कृति छग्न ।

চিত্রা। সথি। একটা কথা বল ছি কি, যদি কপালগুণে আজ রতন মিললো তবে শুভদ্য "শীঘ্রং" অর্থাৎ রাতা-রাতিই বিবাহ কার্যটো শেষ করা যাক্কেন না এসকল শুভকার্য হতে অনেক বিল্ল আছে।

মাধ। সে কি গো! এ কি ওঠ্ছুঁড়ি তোর বিয়ে না কি ? এ রাজার মেয়ের বিয়ে, কভ বাজ্ন। বাদ্যি হবে, দেশ বিদেশ নেমন্তন্য হবে, কত কত রাজা রাজভার সমারোহ হবে, না, এ কাকে পাকীতে জান্তে পার্বে না। আরও রাণীর মুখে শু:নছি যে চাকুরঝীর বিয়েতে তিনি অনেক টাকা থরচ কর বেন, বড় ঘটা করে মেয়ের বিয়ে দিবেন।

চিত্রা। ওলো "বিবাহে চ ব্যতিক্রম" এও কি শুনিস্ নি, রাজা রাজড়ার ঘরে প্রায়ই এইরূপ ঘটে থাকে, এতে দোষ নেই।

চক্রা। দথি ! ত:ব চল একবার মালিনীকে ডেকে আনি, কেন না বিবাহের প্রধান কাজ্টাই মাল্যবদল। মাধ। তা ভাল বলেছ তবে চল।

(विवा, वजा, माधगीत मालिनीत उत्मरण अञ्चान।

--()--

(शानिनीत अदर्भ)

तालिनी मृलडान-डाल आफ्रथम् हो।

এমন অসময়ে কিলাগিয়ে ডাক্ছ দেখনই। সি।
আমার কি ভাই নি দ্রাআছে জাগিয়ে কাটাই সারানিশি। যদিযোর মালি থাকিত, এজালা কি সইতে
হতো, আদেখ্লে ছোঁড়াদেরমুখে ছাইপড়িতো,

ঝালা পালা কছে যারা দিবানিশি। কিকাল কুসুম কুটলো ধনি, আগলাতে নারি রমণী, সে থাকলে আগলাতো বদে দিন রজনি, যুচ্তো লোকের কুলতোলা আর হাঁসিখুনি। একে আমার ফুল যোগান, তার উপরে মনযোগান, জালার উপর কত জালা তাও তো জান, একা নারী পাঁচজনা যার অভিলাষী।

মালে। আর বাঁচা যার না ভাই, পাড়ার লোকে আমার একেবারে খেপিয়ে তুলেছে। দিনে রেতে ত স্থুম নেই, খাওয়া দাওয়া একেবারেই গেছে, তবু ছাই ঠেকিয়ে রাখ্তে পারিনে।

পারিপাশ ক। বলি—ও মালিনি ? এত রাত্রে আবার ঠেকা ঠেকি টে কি ? শুন্তে পাই নে।

মালে। আর ভাই দেশের সর্বনেশেদেরও মরণ নেই আমারও মরণ নেই।

পারি। বালাই, তুমি মলে দেশের উত্তর শিওরিদের দশায় কি হবে ? বলি মালঞ্চের কুশল, ত। মালে। মালঞ্চের দুদ্দশার কথা কব কি হে আর।

একা সালী বিনে সকল গেল সামলে রাখা ভার। মনের সাধে আবাদ করে রৈল সে কোথায়। বত সাদেখনে বেটারা জুটে লুটে পুটে খার।।
কার্বা পাকা ধানে নৈ দিয়েছি ভাত রেঁ দেছি বুকে।
আমার রসের বাগান ভাঙ্লে যত উটকো বাঁড় চুকে।
দুই একটা হয়ত দেই রীতি মত যোগান।
আনে ঝাঁকে ঝাঁকে পেরে ফাকে কার বা রাখি মান।
বিদ কাউকে বলি আজু ফিরে আসু তে হবে।
সে বাগে পেরে ফাকে ফাকে সাধ মিটিয়ে নেবে।
তাই বলি হয়েছে আমার ঘরে বাইরে জালা।
বত সর্ধনেশে সদাই এলে কছে ঝালা পালা।

ब्रानिनी विविद्-जान बाइत्यमहै।।

আনার কালহলো মালঞ্চ রেখে, দেখে লোকের বুক যে ফাটে। পাড়ার ভাতার পুত-খাগিরে কথা কয় কঁত আনসাটে। কার সঙ্গে বা বাদ সেখেছি, কার কি ভুলারে খেয়েছি, আপ-নার নিয়ে আপনি আছি, কছু বেরাইনে গাথ খাটে।

পারি। বলি মালিনি ? এখন যাচ্ছ কোথা ? এই শেষ রাত্রেও কি যোগান দিতে হয়।

मारल। ध्रमन योगारनंत পोड़। कर्शान, आमात वाड़ि-

তেই তোমার মত কত থান্দের গড়াগড়ি থাছে, ভাত ছড়ালে কাকের অভাব কি ? আমি কি তেমনি মেয়ে।

পারি। তা, বটে বটে যা হোক এবন যাছ কোথা বল দেখি।

মালে। আর ভাই আমার কি একদণ্ড হির থাক্বার বো আছে, একবার মালঞ্চা দেখে আসি। (চারি দিক দৃষ্ট করিরা) ঐ মরেছে কোন আবাগির বেটারা এসে মালতী গাছটার কড়কেগুণ ছিড়ে নিরেগেছে, ওমা ? আবার চাপাঁ। গাছটারও কিছু নেই, ডাল গুণো একেবারে ভেলে ফেলেছে. গোলাপের পাপড়ি ছেড়া, টগরের বোঁটা সার, আ মর, বাগানটা একেবারে লণ্ড ভণ্ড করে গেছে, আ, আটকুড়ির বেটারা একি ভোদের বাপ, দাদার ধন পেয়েছিস্, তাই যা মনে

(স্থিগণের মালিনীর সহিত সাক্ষাৎ)

চিত্রা। বলি হাঁলা মালিনি তুই যে একেবারে পাড়াটা ঠোল পাড় করেছিল আ মর, একটু লক্ষাও করে না।

মালে। কে গো । চিত্রকেথা নাকি ভোগরা এত রেভে কি মনে করে।

চিত্র।। এই তোরই কাছে নৈলে এখানে আর আমাদের কি কাঙ্গ, আজ রাজকুমারীর বিয়ে, এথনি ভোকে ফুল এবং কু:লর মালা নিয়ে থেতে হবে।

माला अगा ? त्म आंवांत्र कि, ध त्कमन वित्र त्भां,

কেউ জান্লে না অন্লে না, তবে কি বিয়ে মনে মনে নাকি!

চিত্রা। ওলো যা হোক গেলেই জান্তে পারবি এবন কার কথা নয়, তুই শীদ্র ফুলের মালা নিয়ে আয়, ক্রমে রাত্ও শেষ হয়, আর দেরি করিস্নে, আমরা চলাম্।

মালে। সভ্যি সভ্যি যে তে হবে তবে তোমরা চল, আমি এখনি ফুলতুলে মালা গেঁথে নিয়ে যাছি।

রাগিণী বাহার—তাল খেমটা।

চল যাই রাজ কুমারীর দেখ্ব কেমন বর ।
মনখুলে আজ ফুলের মালা গাথিবো মনোহর।
মতি মালতি জাতি, তুলে ফুল নানা জাতি, সাজাব
রাতারাতি, বিয়ের বাসর ঘর।

(অনিক্লন্ধের নিজ্ঞা ভঙ্গে চতুর্দ্দিক অবলোকন করিয়া) (স্বগত)

এ কি! আমি কি স্বপ্ন দেখছি--না--তাও ত, নয়, ভবে এ কোথা এলান্, দে ধারকা পুরীর ত, চিচ্ন মাত্রপ্ত দেখ-ছিনে, পিতামহবর্গই বা কোথা, আর্যাক্সকিনুণী—ও সত্যভামা দেবীই বা কোথা, পিতা কন্দর্প, মাতা রুতি, ও রুক্রবতীই, ৰা কোথা, এবং অন্যান্য যদুকুলবধুই বা কোথা, কিন্তা আমিই বা কোথা এলান্, বোধ হয় এ দৈব মায়াই হবে,

रेनरल अमन व्यत्नोकिक घटनाई वा त्कन इत्त, व्यावाद अक्री পরম রূপবতী কামিনীও দেখুছি, আহা! এমন আভ্রয্য অলোকসম্পন্ন রূপলাবণ্য ত কখন আমার নয়নপথে পাতিত হয় নাই, কি সুবর্ণ নিন্দিত বর্ণমাধুর্বা, কি অঙ্ক দে ঠব, যেন সাকার সৌদামিনী আজু অবনীমণ্ডলে অব-তীর্ণা হয়েছে,এ আবার কি, ক্রমে দক্ষিণ বাহু ও চক্ষু ক্পন্দিত হছে লাগুলো, মনটাও অন্থির হছে, ভাল দেখা যাক, দৈবের মনেই বা কি আছে। (ক্ষণকাল বিশ্বিত থাকিয়া) না, তাই বলে নিভান্ত মোনী হয়ে থাকা হবে না, নিৰ্দ্ধন গৃহে একাকিনী কামিনী, আমিও অপরিচিত পুরুষ, ভবে, জিজ্ঞাসাকরায় হানি কি, (প্রকাশে) সুন্দরি ইনিডান্ড বিমুখ হরে থাকা উচিত নর, মধুর সম্ভাষণে পরিভৃপ্ত কর, অমৃত্তমর বাক্য বিন্যাসে কর্ণ কুহর পবিত্র এবং কৌতৃকাক্রাণ্ড চিত্ত চরিতার্থ কর (স্বগত) কৈ কিছুই ত বলেন না।

প্রকাশে। কৈ একটা কথায় যে কও না, সুলোচনে ?
লাকে বিপন্ন হইলে মহতের আশ্রয় অবল্লমন করে,
সেইরূপ আমিও বিশেষ বিদেশী, তোমার আশুর লারেছি।
একণে যে কর্ত্তব্য হয় কর, নিতান্ত নিষ্ঠুরতা প্রকাশ মহত্ত
ব্যক্তিদিগের অযোগ্য।

উষা। (মৃদুস্তুরে) আপেনি বস্থন্ আমার সখিরে এখানে নাই একণেই আস্বে পরে যে কথা হয় বল্বেন।

अनि । जामि गथिरमत बाह्वान जुणान जानि नारे।

উবা। তবে আমি কি পায় ধরে কাউকে তেকে আন্তে গিয়েছিলাম।

অনি—। ভত্তে ! কমলিনী বিকশিত হলে কি কাউকে ডাক্ডে হয়, তাদের মনমুগ্ধকর বিমল সেরিভই মধুমন্ত মধু– করের আহ্বান স্বরূপ, তাও কি ঢাক্লে ঢাকা থাকে ?

উবা—। (ঈবজাস্যমুখে)ও হে চতুর ! তুমি বিদেশী, আমি এখানে একাকিনী কুলবাল। পরপুরুষের মহিত অধিক কথা কইতে চাই নে।

অনি—! ইা এখন বুন্লাম, তবে তোমাদের ঘরে ঘরেই কুটুবিতে ।

উবা—। তা হলে জার কেউ পরের জন্যে মরতো না। (স্থিগণের প্রবেশ।)

চিত্রা—। ওঃ মা এ কি ? ও চক্রাবতি, আমাদের উবার যরে এক জন পুরুষ দেখ্ছি বে গ্যা।

চন্দ্রা—। তাই ত, কি, লজ্জা হাঁগা তুমি কে কোথা হতে এই রাজকন্যার মহলে এনে উপস্থিত হলে, ভোমার মনে কি একটু ভয় হল না।

রাগিণী ঝিঁঝিট—তাল পোতা।

কেছুমি সুক্রবর রষণী মণ্ডলে। কি আশায় এনেছ বদ কি ভাবে কোন ছলে।। আমরা অবলা নারী,তোমার ভাবতে বুঝ্তে নারি, দেখুতে সাধুর আকার বটে নয়নে হেরি, কাজে কিন্তু চোরেরবাড়া ঐ থেদে মরি, তাই ভোমায় জিজ্ঞাসি মোরা, ওছে নারীর মন্চোরা, পুরবেরত এমন ধারা, নাহি ধরাতলে।

চিত্রা। কি নাম, কোথায় ধাম কাহার তনয়। কি আশায় এখানে আসা দেহ পরিচয়॥ সাধু হও মানে মানে পালাও মান লয়ে। চোর হও রাজদণ্ড দেবেন রাজার মেয়ে॥

প্রনি। রাজকুমারীর দণ্ডে এক দণ্ড নাহি ভাবি।
প্রবিচারে মিছে কেবল দিচ্ছ চুরির দাবি।
চোর হয়ে এসে এখন পড়েছি আমি ফাঁদে।
কিন্তু চোরের ধনবাট্ পাড়ে নিলে ঐ থেদে প্রাণ কাঁদে
সবে মাত্র মন প্রাণ ছিল যে ধন সাথে।
লাভে মূলে সব খোয়ালাম রাজকুমারীর হাতে॥

রাণিণী বারেঁ।য়া,—তাল চুংরি।

আমি ত চোর ব টে লে। এখন।
চারের খন যে চুরি করে, বলু লে চোর কেম্ন চ

অমূল্যধন লাভের আন্দে, এগেছি তন্ধরের বেশে, লাভের মধ্যে অবশেষে, হারালাম আপনার ধন॥

অনি। শুনলে সখিগণ, আমি বিদেশী অপরিচিত, এখন তোম।:দর হাতে পড়েছি তোমাদেরই কাছে বিচার।

উষা। গুলো ! রমণী খু: । তে ভাল পুরুষের ধানে ।

অবলা সরলা বালা জান বে কি সন্ধান ॥

যার কাছে যায় তারই তখন মন্মত গুণ গায়

স্বকার্য্য উদ্ধারি শেষে ফিরে আর না চায় ॥

তাই বলি শটের সনে যে করে প্রণয়।

তার রাত্র দিন চোরের অধীন হয়ে থাক্তে হয় ॥

প্রণয় করিলে মনের সকল দুঃখ যেত।

নারীর ন্যায় পুরুষের যদি সরল মন হোত॥

রাগিণী ঝিঝিট—তাল পোস্তা।

সরল মন রমণীর যেমন পুরুষের তা নয়।]
মধুমুখ অন্তরে গরল পাষাণ হৃদয়॥
হেঁদে কয় যে মিউ কথা, ফলে সে সব জান্বে
রথা, সেহ হীন হয়ে রমণীর প্রাণে দেয় ব্যাথা,
তার সাক্ষ আছে দেখ পুরাণে গাঁথা, পাণ্ডু পুঞ

পাশায় হারি, পত্নীমায়া পরিহরি, তাজিল আপনার নারী, মরি কি নির্দিয়।

শনিক্ষা। তুমি হলে রাজার মেয়ে আমি যে বিদেশী।
বলতে ভয় করি কিন্তু বলতে পারি বেশী।।
প্রক্ষের মন ক্রের বটে অতি অবিশাসী।
নারীর মন যোগাতে কিন্তু শিব হন সন্নাসী।।
রাম দিয়ে বন নারীর কথায় দশরণ নিধন।
গ্রাণ দিয়ে প্রক্ষে তরু পায় না নারীর মন।।

রাগিণী কালাংড়া—ভাল কাওয়ালি।

ওলো, রমণীর মন অপ্পে পাওয়া ভার ৷ কব কি চমৎকার,

মন দিয়ে মন যোগাও যত, আরও মান বাড়ে লো তত, কিছুতে নাই নারীর কাছে পারাবার। সাধলে ধরে নারীর পায়, অনন্ত না অন্ত পায়, সত্য মিথ্যা ভারতে তা আছে লো নির্ণয়, ডৌপ-দীর অন্তরে যাহা ছিল অভিপ্রায়, অর্জুনাদি পঞ্চ পতি, থাক্তে তরু কর্ণপ্রতি, ছিল মতি এই কি স্তীর উচিত ব্যবহার॥ উদা। কৈলে কথা কইতে হয় সহিতে নারি আর।
ভেবে দেখ যুগে যুগে আছে সুবিস্তার॥
সাবিত্রী, জানকী, দময়ন্তী, আদি সতী।
এদের হতে ব্যক্ত আছে পুরুষের যে রীতি।
বল্ব কি আর ভাবতে হলে তোমাদের গুণ।
নির্বাণ না হয় কভু সনের আগুন।

রাগিণী ফালাংড়া—ভাল কাওয়ালী।

কব কি আর কইতে ছথে প্রাণ বিদরে। কিবল নইলে নয় বলে সতী পতির প্রতি ভক্তি করে॥

জানি পুরুষের পদ্ধতি, নারীর প্রতি নিদয় অতি, তার সাক্ষ আছে দেখ সর্বত্রে খ্যাতি, উত্তানপাদ রাজার পত্নী সুনীতি সতী, বিনা দোবে দেখ তারে বনে দিলে কোন বিচারে॥

কত সতী ব্যক্ত আছে, পতির জন্য প্রাণ ত্যজেছে, তবু কি পুরুষের কিছু ধর্ম জ্ঞান আছে, শঠতা ছলনা যত রমণীর কাছে, পরের অধিনী নারী অন্তরে গুমুরে মরে ॥

(8)

নাধ। ও হে ঠাকুর জামাই আর কি বলতে বাকি আছে। আজ তোমায় হার মান্তে হলো ঠারঝির কাছে।। জনি। শুন সহচরী এত নূতন কথা নয়। পুরুষের হার নারীর কাছে আছে ত নিশ্চয়॥

রাগিণী কালাংড়।—তাল কাওয়ালি।

আমি কি হার নূতন করে মান্ব লো এখন।
হারি মেনে রমণীর পায় পড়ে আছেন পঞানন।
সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, পুরুষের হার চিরকালি, রাই মানে হার মেনে যোগী হন বনমালী, তাই বলি রমণীর কাছে, সকলে হার
মেনে আছে, কথায় যদি না হয় শেষে মান করে
হার মানায় তখন।

উষা। সখি! আমরা স্বভাবতঃ রমণীজাতি, ভাল মন্দ্রিছুই বুরি না, কৈলেই দুট কথা কইতে হয়, যদি কথা-প্রসঙ্গে কিছু অসঙ্গত বলে থাকি, অবোধ অবলা বলে ক্ষম। করে বল।

চিত্রা—। সে কি স্থি! আমরা বলতে গেলাম কেন ? বলে থাক তুমি বলেছ, ইচ্ছা হয় ঘাট মানগে ইচ্ছা হয় মানাও গে আমাদের কি দায়। চক্রা—। ওলো তার একটা কি ? তুই না পারিস আ-মিই বল (ছ, এখন ত ঘরের কথা, ওহে ঠাকুরজামাই ! রঠাকু-ঝ যা বল চেন শুনলে ত।

উয:——(কপট রাগ প্রকাশ।) আমর ছুড়ী, স্থালা! একবারে পাগল হলি না কি ? আ, মুখে আগুণ দূর হ।

চক্রা—। কেন ঠাকুর জামাই বলেচি বলে, ত। আজ বলোও বল তে হবে, কাল বলোও বলতে হবে, এখন আর ভাই নাচতে বদে ঘোমটা কেন ?

(অনিরুদ্ধ, হাস্যুখে)

ওহে ধর্মের কল বাতাসে নড়েছে, হাত দিয়ে আর কতক্ষণ ঠে কয়ে রাখবে বল, সুন্দরি! তুমি রাগই কর, আর যাই
কর, আমার কাজটা এক রকমে সিদ্ধি হয়েছে, স্থিগণ!
একেই বলে ব্যাগারের দেশিতে গঙ্গামান।

কাঠ্য দিন্ধি হয়েছে মোর আর বল কি চাই।

চুরি কত্তে এসে হলাম রাজার জামাই।

যদি বল নামমাত্র কাঠ্যেতে বিফল।
ও হে! ধনী হই বা না হই ধন পরিবাদটা ওভাল।
পতির বড় লক্ষ্য। যদি হলো অবশেষে।
লক্ষ্যা লয়ে মুখে থাক আমি যাই দেশে।

উষাহরণ—গীতাভিনয়।

80

রাগিণী বাহার—তাল কাওয়ালি I

থাক সুখে থাক মনের অভিমানে, চক্র বদনে যে আশা অন্তরে ছিল, সকলি বিফল হল,

বল কি সুখে থাকি লো এখানে।
মনসাধ রহিল মনে, না পুরিল তব দনে, বিদায়
দাও আসি একণে, লয়ে মান, থাক প্রাণ, আমি
যাই তবে স্বস্থানে মানে মানে ॥

উষা। প্রাণনাথ! আমরা অতি মুধ্ব সভাব রমণী, স্বভাবতই যদি কথা প্রসঙ্গে কিছু অন্যায়োজি হয়ে থাকে ভামার্ক্তনা কর।

অনি। প্রাণেশনি! এ অতি আশ্চর্য্য কথা, দেখ, তৃপ্ত-কর সুধাকর হতে কথন কি কটুরদ নির্গত হয়, মলমাচল হতে কথন কি, কটপ্রাদ উত্তপ্তানিল বাহিত হতে পারে, তাই তোমার ঐ অকলক্ষ বদন সুধাকর হতে কটুরদ নির্গত হরে, এ অতি আশ্চর্যা।

উষা। সখে ? তোমরা পুরুষ অনেক জান, অনেক শুন, এবং অনেক মনভুলানে নিষ্ট কথাও কৈতে পার, কিন্তু শুনতে পাই যে শেষ থাকে না।

রাগিণী মূলতান—তাল তিওটু।

গুণুমণি, বিনা দোষে দিওনা ব্যাথা নারীর প্রাণে॥

চিত্রা। ওহে রমময় আর বুথা বাগজাল বিস্তার করে কি হবে, ক্রমে রাতও শেষ হয়, এখন কর্ত্তব্য কর্মের অনুষ্ঠান করা কর্ত্তব্য, যেহেতু একটা কথায় বলে, শুভ্স্য শীঘ্রং। অনি। স্থিগণ! আমি ত হাজির আছি কি ক্তেহ্বে বল।

চিত্র। প্রিয়বর! আর কিছু নয়, তবে কি না আমা-দের মনের সাধ ত পূর্ণ হল বটে, কিন্তু চক্ষের সাধট। সফল হয় নী, এজন্য বল্ছি, এক বার ঐ কুসুম শ্যায় রাজকন্যাকে বাম ভাগে বদিয়ে পরক্ষার মাল্য বদল কর।

জনি । সথি সেটা বাডার ভাগ মাত্র কেন না আমরা অগ্রেই সে কাজটা মনে মনে সেরে রেখেছি, তবে ভোমাদের কথাও প্রতি পাল্য (মাল্য বদল)।

পারিপাশ্বিক।

धुग्रा ।

এই রূপে পরম্পরে,

গান্ধর্ম বিধানে পরে

বিবাহ হইল শুভক্ৰে।

দেখে যত সন্থিগণ,

পুলকে পুর্ণিত মন,

পোহাইল নিশি জাগরণে ॥

স্থামী সহ সঙ্গোপনে.

সদা রস আলাপনে,

রসবতী করে অবস্থিতি।

দিন যত হয় গত,

প্রণয় বাড়িছে তত,

পরে শুন দৈবের দুর্গতি।।

-()-

(জমাদার ও প্রতি হারির প্রবেশ।)

প্রতি। বাপ্রে কি অন্দকার, কোলের মানুষ দেখা যায় না, কপালে কি আছে কিচুই বলা যায় না, পেটের জন্য কোন দিন প্রাণটাই হারাব, চাকর আর কুকুর দুই সমান রাতও অনেক হয়েছে, কি করি—জাই একবার মহলগুণ দেখে আদি না গেলেওত রক্ষা নেই।

क्यानात । (क ति, स्वाह् नाकि ?

স্থবাক্ত। হিঁগে। জমাদার মোশায়, আজ চাঁদ উচ্বে কখন গা ?

জমা। ওরে আজ্যে অমাবস্যা তা কি তুই জানিদ নে।
প্রতি হারি। (হাস্যমুখে) ওগো তা কি, আরে মুই
জানি নে ছাই, যে আজগে রনাবক্স্যা তা জানি বৈ কি গো
তা, তা, মুই জিজ্ঞেদ কচ্ছি নে, তবে দোচ্ছানা টা কখন
উঠবেন তাই জিজ্ঞেদ কচ্ছি।

জমা। হাঁরে বেটা আমাবদ্যেতে কি জ্যোৎস্না উঠে, এও কি জানিস্কান, হা বেটা আবর।

সুবা। এঁগো তা জানি বৈকি, নৈলে বল্নু কেমন করে, তা মোর একটু কবার, ফ্যাল্যানি হয়েছে বলি কি, এটা সুকুল পরিক্ষি, না কেষ্ট পরিক্ষি।

জমা। দূর বেটা সুক্লপক্ষে কি আমাবস্যা হয়, যা এখন চৌকি দিগে যা বড় অন্ধকার রাত, খুব খবর দার। প্রতি ৷ (সভ্য়ে) জমাদার মশায় তবে আজু সতি:ই কি চাঁদ উট্বেন না, ?

প্রতিহারি। তবেই ত এই অন্দকারে একলাটিই বা করি।

জমা। আমর, বেটার ত বড় সাহস দেধ ছি— হাঁরে পুবাছ!

সুবা। আজ্ঞামোশায় কি বল্ছো?

জনা। তোর তবে ত বড় গুণ দেখ্ছি। সুবাহু। আজ্ঞা তা মোর গুণের কথা কি বল্বেন।

্রাগিণী খাম্বাজ—তাল খেমটা।

কত বল্বো আমার গুণ।
কাজে কুড়ে, ভোজে দেড়ে, বচনে নিপূণ।।
রাজবাড়ির কর্ম করি, টিক্টিকির ন্যাজ কাট্তে
পারি, মশা মাকড়্শা ধরি কর্তে পারি খুন।।

(গান করিতে করিতে প্রতিহারীর রাজকন্যার মহলে প্রবেশ।)

প্রতি। একি! রাজকুমারীর মহলে যে আজ্ প্রুষ মানুষের কথা শুন্ছি, না আমার বোঝারার ভুল, এমনও কি কথন হয় (ক্ষণেক শুক্র) না ঐ যে বেশ শুন্তে পাওয়া যাছেছ পুরুষের কথাই ত বটে; যা হোক একবার দেখুতে হলো (গুপ্তভাবে প্রতিহারির প্রবেশ) তাই ত বলি এই যে পুরুষইত বটে, রাজকনাার নঙ্গে বদে রুমরঙ্গ কছে। (সবিস্ক্রায়) ও ছোড়াটা কি সোক্ষর গো, বাপুরে বাপ্, যেমন ছোড়া তেম্নি ছুড়ি, কোথা থেকে যুটে; গেছে, তা না যুট্-লেই বা কি করে রাজাও ত বিয়ে দেবে না, এত বড় মেয়েটা

হলো, মোদের ঘরে হলে এদ্দিন পাঁচটা নিকে, সাতটা বিয়ে তেরটা ছেলে হয়ে পড়্জো, যা হোক এখন রাজাকে গিয়ে ত জানাতে হয়।

প্রতিহারির প্রস্থান।

রাজা। হাঁরে সুবাহু ! এত রাত্রে আমার কাছে [কি মনে করে ?

প্রতি। মহারাজ ! সর্মনাশ উপস্থিত, বল বো কি, মুখে কথা সরে না। দেখে এসে আমার হুৎকম্প হচ্ছে।

রাজা। ওরে ! কথাটা কি বল ।

প্রতি। মহারাজ ! রাজকুনারীর ঘরে একটা পুরুষ দেখে এলেম।

রাজা। সে কিরে প্রতিহারি।

প্রতি। আজা সে কথা আর কি বল্ব এখনও যান ত দেখাতে পারি।

রাজা। কি বল্লিরে রাজ কন্যার ঘরে পুরুষ, (ক্রোধে কম্পান্নিত কলেবর হইয়া তর্ক্তন গর্ক্তনের সহিত) কি এত-বড় ক্পান্ধা কার, হাঁরে প্রতিহারি সত্য সত্যই তুই দেখাতে পারিস ? দেখিস মিখ্যা বলো তোর সবংশে বিনাশ করবো

প্রতি। আজ্ঞা হাঁ গেলেই দেখাতে পারি, আমি মিধ্যা বলচি নে, মহারাজ এও কি একটা দামান্নি কথা তাই মিধ্যে বলে প্রাণ হারাব, আমার কি মনে ভয় নেই।

(রাজার মন্ত্রিকে আহ্বান এবং মন্ত্রির উপস্থিতে) রাজা। ওহে আমাত্য। মক্তি। রাজেজ।

রাজা। ওহে প্রতিহারির মুখে যে বড় দর্মনেশে কথা শুন লাম, বলে উষার ঘরে একজন পুরুষ দেখে এলাম, ওহে অবণাবধি আমার ক্রোধানলে যে সর্বাঙ্ক দথা হতে লাগল চল এই দণ্ডেই তাহাদিণের যুগপত শিরছেদন কর্ব।

মন্ত্র। মহারাজ! স্থির হউন, সামান্য প্রতি হারির কথা মাত্রে এত বাস্ত ও ক্রোধান্ধ হয়ে কর্ত্তব্য বিমুখ হওয়া ভবাদৃশ মহানুভবের অযোগ্য, এবং রাজগুণের বর্হিভূত, অতএব, উচিত হয় ইহার সহিত একজন বিচক্ষণ বিশ্বামী কর্মচারী গিয়া বিশেষরপে তদন্ত করিয়া আসে, কেন না প্রতিহারির দেখবার ভ্রমণ্ড হতে পারে।

রাজা। ভাল উদ্ভম পরামর্শ, তবে তৃমিই একবার গোপ-নভাবে দেখে এম ত। হলেই মত্যাসতা জান্তে পারা যাবে। মন্ত্রি। যে আজ্ঞা, ওরে সুবাহ্ন তবে বরায় চল !

প্রতিহারির সহিত্মন্তির গমন।

প্রতি। মহাশয়! একটু আন্তে আন্তে এদ, টের পেলে সাবধান হবে।

মন্তি। চিন্তা নাই তৃই চল্ আমি নিঃশব্দেই যাচিছ।

প্রতি। (অঙ্কুলি নির্দ্দেশ করিয়া) ঐ দেখুন এখনও সেই ভাবে দুজনে হাস্যকে ভুক কঞ্চেন।

মন্ত্রির রাজ সমীপে পুনরাগমন। রাজা। অমাত্য! কি দেখ লে প্রতিহারির কথা সত্য । মন্ত্রি। মহারাজ! কি বল বো (অধোবদনে) আজ্ঞাই। সত্যাই বলেছে।

রাজা। কি বল্লে মিত্রি। আনার সেই পাপিয়সী কুল-দূষণ কন্যা হতে এই নিজলঙ্ক কুল কলন্ধিত হলো, বিশ্ব-ব্যাপ্ত উচ্চলাস্য অবনত হলো, সপ্রতিভ নাম নিষ্পুত হলো, শত্রুকুলের হাস্যাদ্পদ, সাধারণের ধূণাক্ষ্পদ হতে হলো, ধিক্ আমার জীবনে ধিক্। এমন অসার নিস্প্রার্থ রাজ্যতেও ধিক্।

রাগিণী বাহার—তাল আড়া।

একি প্রমাদ শুনি সম্বাদ কি হবে হে মন্ত্রিবর।
জুলন্ত অনলে যেন জুলে আমার কলেবর।।
কলম পুরিল দেশে, মিত্রভালে শক্ত হালে,
কন্যা হতে অবশেষে,
আমার কুলমান হল অন্তর।।

রাজা। অরে প্রতিহারিন্! আমি আর দেই স্বেচ্ছাচারিণী কুলাঙ্গার চণ্ডালিনীর মুখাবলোকন কর্তে চায় না,

স্বরায় সেই দুইট দ্বয়ের স্থাপত শিরচ্ছেদন করে আমার নিকট আন, আর ক্ষণকাল তোরা কর্মোচিত প্রতিকল প্রদানে বিলম্ব করিস না স্বরায় গমন কর।

মন্তি। মহারাজ! কিঞ্চিংকাল ধৈর্য্যাবলম্বন করুন, আপনার আজ্ঞায় কি না হতে পারে এই সসাগর। ধরায় স্থিতি সংহার হতে পারে, তদীয় উদ্দীপ্ত ক্রোধানলে কিম্বলয় দক্ষ হতে পারে, প্রচণ্ড কালদণ্ডাপেকাও আপনার রাজদণ্ড শত্রু রুদ্দের ভয়াবহ। অতএব সেই একটা সামান। বিষয়ের জনা এতদূর রাগান্ধ হবেন না,। আর দেখুন মহতই হউক বা সামান্য হউক, সর্ব্ব কার্য্যের অথ্যে একটা বিবচনা কর্ত্ত্ব্য এখন একট্ স্থির হউন।

রাগিণী কালাংড়া—তাল একতাল।।

ধর ধৈষ্য ধর মনে। মহারাজ হে।
কি জন্যে হল বিষয় এত অধৈষ্য আজ কি কারণে।
যার প্রচণ্ড প্রতাপে, দেবাদি গন্ধর্ব কাপে, কেন
সামান্য সন্তাপে, আজ ব্যাকুল হয়েছেন প্রাণে।।
বিচারিয়ে পূর্বাপর, কাজে হবে অগ্রসর, শাস্তেতে
এই যুক্তি সার, হে দণ্ডধর, ভেবে দেখ শুভাশুভূ
পূর্বকণে।।

রাজার প্রতি উপদেশ।

রাজা। তবে একণে ভোষার পরামর্শ কি ?

মন্ত্র। মহারাজ আমার মতে আশু প্রাণদণ্ড না করে সেই দুরাকাঞ্জি টোর্য্য পুরুষকে গ্লভ করে আপাতত কারাবন্ধ করা, কন্যা স্ত্রীজাতি অবধা কি করবেন, মহারাজ পাপের প্রায়শ্চিত্ত আছে, স্ত্রীহত্তা জনিত পাতকের উপা-য়ান্তর নাই; আরও দেখুন লাল দুহিতা অন্ঢা, বিশেষ এই বিষম কাল সম যে)বনকাল নিৰুপদ্ৰবে হাতি বাহিত করা অতি বিমুদ্ধ হাদয় জ্ঞানবান পণ্ডিতদিগেরও পক্ষে কঠিন। এত সভাবত স্ত্রী জাতি, জ্ঞান শূনা। হে রাজেন্দ্র! বেমন জলপ্লাবন কালিন নদী পাশ্বর্ত্তি ক্ষেত্র সমূহ রক্ষার্থ অতি বিশাল দৃঢ় রচিত সেতু বেঙ্কিত না থাকিলে কোনক্রমেই প্রবল কল বেগ রক্ষা হয় না, তক্রপ যৌবনাক্রান্ত ব্যক্তি অর্থাৎ পুরুষের পক্ষে হিতাহিত জ্ঞান এবং যোগিৎ জনের পক্ষে খানী নব্ধ অথবা পিতা মাতার নিয়ত দৃষ্টিপাতস্বরূপ দৃত্তর সেতৃ স্থাপিত না থাকিলে কখনও শেই ভাষার যৌবন প্রবাহ অতিক্রম করিতে পারে না, সুতরাং স্বেচ্ছা চারিছ প্রাপ্ত হয়। অতএব রাজ পুত্রি অনুঢ়া বিশেষত প্রাপ্ত যৌবনা, यथन शृर्कारे जारात श्राज महामायत कित्रहमात व्यक्ती इ-য়েছে, তখন সহসা রোষবশে সেই অবোধ প্রকৃতির প্রতি একটা বিধি বিগহি ত কার্য্য করা ভবাদৃশ ব্যক্তির পক্ষে নি-তান্ত অযোগ্য। একণে ধৈৰ্বাবলম্বন পূৰ্বক বরং এই

দেখতে হবে, যদি ভুপতি তনয়া অনন্যানুরক্তা হয়ে এই ব্যক্তিকেই আপন পতিতো বরণ করে থাকেন, এবং এই পুরুষ সংবংশোন্তব ও রাজপুলির অনুরূপ পাত্রই হন, তা হলে তদ্বিষয়ে নিরস্ত হতে হবে। আরও পুর্বাপর বিবেচনা করে দেখুন, অনেকানেক অতুল ঐশ্বর্যাবান প্রবল পরাক্রান্ত রাজাধিরাজদিগেরও এইরূপ ঘটনা প্রায়ই ঘটে থাকে, দেখুন স্গ্রংশীয় মহানুভব কাশী রাজের অম্বা অম্বালিকা অন্বিকা গামু তিন কন্যাকে ভ্রাতৃ তুফি নিমিত্ত দৃঢ়ব্রত শান্তনুনন্দন ভীয়াদের হরণ করেন, মহযি কম্ব দুহিতা শকুন্তলা পিতার ञनवर्धात भूक वश्मीय वांका मृत्रास्टरक आंग्र ममर्भन करतन, কুষণানুজা মুভকা বৃষ্টিবংশীয় মহাপুরুষদিগের অনভি-প্রেডে পাণ্ডু পুত্র অর্চ্চুনকে মানদে পতিত্বে বরণ করেন, এবং রাজা দুর্যোধনদুহিতা লক্ষণা যদুবংশীয় সাম কৃতনীত হয়, তাহাতে তাঁহারা লোক মণ্ডলিতে নিন্দা ভাজন কিঘা, অপ্যশাস্পদ হন নাই। অতএশ রাজা কিম্ব। মহোৎকূল-দ্রবা কামিনিদিগের পক্ষে গান্ধক অর্থাৎ সায়ম্বর বিধানে বিবাহ ধর্মত বা লোকত বিরুদ্ধ নয়। রাজতনয়া যদি যজ পাত্রে অনুরক্তা হয়ে থাকেন ভালই হয়েছে, একণে সেই অক্তাত কুলশীল যুবার কারাদগুই বিধি।

রাজা। তবে সেই পরামর্শই ভাল, ওছে সেনাপতি!
দ্বাম সেই দুর্কৃত রাজকুলবৈরিকে ধরে রাজগভায় লয়ে
এস,বিলম্ব কর না।

সেনা। যে আজা মহারাজ,—ওহে সৈন্যদামন্তগণ ! তোমরা ত্বায় সুসজ্জিত হও রাজ কন্যার মহলে চুরি হ-য়েছে এখনি চোর ধরে রাজার নিকট লয়ে যেতে হবে।

বৈনাগণ। হাঁ মহাশয় আমরা সক্তিত হলাম, চলুন।

(সৈনাকোলাহল শুনে উষার ত্রস্তভাবে গবাক্ষ মোচন এবং অনিক্লন্ধের প্রতি কাতরোজি ।)

উষা ! নাথ ! প্রমাদ হলো, বুঝি পিডা এডদিনে এই সমস্ত সংবাদ শুনেছেন নচেথ বীরবল প্রস্তৃতি সেনাপতি বহুতর দৈন্য লয়ে অক্সাথ কেন আমার প্রাভিমুখে আ-দ্বে বুঝি সর্অনাশ হলো।

রাগিণী টেগরি—ভাল একভালা।

কি হবে কি হবে বল হে প্রাণনাথ। হয় বুকি অভাগীর ভাগ্যে বিনা মেঘে বক্স,ঘাত॥ পেয়ে তত্ত্ব মন্ত হয়ে, পিতা ঐ আসিছেন ধেয়ে,

দৈন্য দামন্ত লয়ে, দেখহে দাক্ষাৎ। প্রাণপণে তারা আরাধি, পেয়েছিলাম প্রাণের নিধি বিধি তায় হলো বিবাদি বৃক্তি অকক্ষাৎ।

অনি। প্রিয়ে চিন্তা কি ? দ্বির ২ও দেখা কুজে পাতঙ্গ-গণ মুখা হয়ে যেমন প্রজ্জালিত দীপশিখা নির্বাণাশয়ে এসে আপনারাই প্রাণ ত্যাগ করে তদ্ধেপ উহারাও এখনই বিনষ্ট হবে।

> বীরবল সইদন্যে পুরবে**ন্টন** পূর্বক অনিরুদ্ধের প্রতি সরোষ বচনে।

বীর। ওরে দুই রাজবৈরি! তুই কোন্ সাহসে এই কুতান্তের সমান মহাবল পরাক্রান্ত রাজভবনে চুরি কর্ত্তে প্রবৃত্ত হয়ে-ছিম্ ? চল এখনই তোরে সেই ভূপতি সমীপে যেতে হবে।

অনি। ওরে! তোরা সামান্য রাজ কিঙ্কর ক্ষুদ্র প্রাণি তোদের বলা অবিধি তবে প্রয়োজন থাকে তোদের রাজাকে ডেকে আন্গো।

বীর। ওহে সৈন্যগণ ! বেটার কি অহঙ্কার দেখেছ ? বৈন্য। তাই ত বেটার সাহস ত কম নয়, ও কেবল আসমকালে বিপরীত বৃদ্ধি।

বীর। ভাল, আমাদের প্রতি ত রাজার অনুমতি আছে, চল বলপূর্মক ধরে নিয়ে যাই।

(এই বলে সকলে আক্রমণ করিতে অগ্রসর, এবং

व्यनिकृष कर्ड्क रेमना मःश्वा।)

(ভগ্নদূতের রাজগভায় প্রবেশ)

ভগ্ন। মহারাজ! বড় বিপাদ উপস্থিত এই দেখ এখন ও হুংকম্প হচ্ছে।

রাজা। হাঁরে কি হয়েছে, কৈ সেনাপতি বীরবল কোথায় ? ভগ্ন। মহারাজ ! কি বল্বো সেই চোরের হাতে আজ বীরবল প্রভৃতি দৈনাগণ একবারে পঞ্চহ পেয়েছে,সে সানানা চোর নহে, বাাছ্র যেমন অনায়াসে অজাষ্ঠ সংহার করে সেইরূপ নিমেষ মধ্যে তাদের প্রাণ নাশ কর্লে।

রাজা। কি সর্কনাশ! কোথা মন্ত্রি কোথা হে, দেখ, একে এই কুলকলক্ষজনিত ক্রোধের শান্তি না হতেই. গৈনাসংহার জন্য ক্রোধে সর্কাঞ্চ কম্পিত হতে লাগ্লো, যা হোক আনি আজ্ স্বয়ংই যুদ্ধে যাতা কর্বো।

রাগিণী খামাজ—তাল কাওয়ালী।

সাজরে সাজরে দৈন্যগণ। রে এখন।
বিলম্ব সহেনা আরে ধর ধর সে ছজ্জন।।
বীরবল প্রভৃতি যত বীরের অগ্রগণ্য, নিধন ক-রেছে সেনাপতি সহ দৈন্য, মনে হয়, প্রাণ দয়,
বুকি কন্যা হতে শেষে আমার সর্বনাশ হলো
ঘটন।।

রাজা। মন্তি! তুমিও আমার সঙ্গে চল। মন্তি। যে আজ্ঞা—চলুন।

(বহু সৈন্য, এবং মন্ত্রি সহিত অনিরুদ্ধাক্রমণে রাজার গমন ।

উষা। নাথ! এবার আর নিস্তার নাই। ঐ দেখুন কালের সমান দুরস্ত পিতা সমর সক্ষায় আস ছেন, সধা। কি হবে। ওদের দেখে আমার হুৎকম্প হচ্ছে, প্রাণ উড়ে গেছে। প্রাণ-নাথ তুমি স্থানান্তরে প্রস্থান করে প্রাণ রক্ষা কর। আমার অদৃষ্টে যা আছে তাই হবে।

অনি। প্রেয়সি! এত ভীতা হচ্ছ কেন ? আমি ঐ দুউদলকে তৃণবৎ জ্ঞান কচ্ছি. মন্ত মাতক্ষ যেমন কমল বন ভক্ষ করে, উগ্র স্বভাব সিংহ যেমন মৃগকুল ধ্বংশ করে তদ্রুপ অমুরাধিপতি বাণকে সসৈন্যে নিমিষ মধ্যে আমি বিনাশ কচ্ছি,—চিন্তা কি ?

উষা। অধিনী রমণী বলে আমার কথা তাছলা করো না, অসংখা দেন। সহিত নানাবিধ অন্ত শন্তে সৰ্জ্জিত দৈতাপতি, তুমি একাকি এবং নিরন্ত্র, অতএব কিরপে যুদ্ধ কর্ত্তে সাহস কছে ? এ দাসীর প্রাণ থাক্তে তুমি কৃতান্তের সন্মুখে যেতে পাবে না। আগে আমার প্রাণ সংহার কর, পারে তোমার মনে যা লাগে তাই করে।

রাগিণী খাম্বাজ—তাল মধ্যমান।

পায় ধরি করিছে বারণ দাজিতে দমরে। অভাগিনীর কপাল মন্দ কত দল্ধ হয় অন্তরে॥ পিতা মোর অতি ত্রন্ত ক্তান্ত সমান, দেবাদি গন্ধর্ব যার ভয়ে কম্পবান, ক্ষান্ত হওহে প্রাণপতি, করি এই মিনতি, যাও যদি একান্ত যাওহে দাসীর জীবনান্ত করে।

অনি । প্রিয়ে ! আমাকে রুখা অনুরোধ করো না, এ সমস্ত দুরুহ কার্য্যে বাধা দিতে নাই। অবোধ স্ত্রীলোকের কথায় বীরপুরুষদিগের সমরে বিমুখ হওয়া অবিধেয়, ইহলোকে অপযশঃ অন্তে নিরয়গামী হতে হয়, মানাপেক্ষাপ্রাণ বড় নহে। আর প্রিয়ে তুমি আমার প্রাণের কোন আলক্ষা কোর না, দেখ, আমি গমনমাত্রই দৈত্য জয় করে আবার পুনরায় এদে তোমার ঐ বদন চক্রিমার অমৃতাখাদে লিপ্ত হব।

উষা। নাথ! এ দাসীর কপাল মন্দ, তুমি যা বল্ছো, আমার মনোমধাে কেবল মন্দটাই আগে দেখা দিছে। প্রানটা একান্তই অন্থির হয়েছে। ম্বণিত জ্রীলোক বলে আমায় তাচ্ছলা করো না ক্ষান্ত হও, তুমি নিঃ সহায় তাতে অস্ত্রহীন, কি লয়ে যুদ্ধ কর্বে ? বাণের বাণ অতি ভয়ানক তোমার কোমল শরীরে সহু হবে না। আমিই বা জেনে শুনে, কোন্ প্রাণে এ মহাকালস্ক্রপ অস্থ্য সন্মুখে যেতে দিতে পারি।

রাগিণী খা বিভায—তাল একতালা।

থাক্তে আমার প্রাণ, কালান্তের সমান,
সে বাণ বিদ্যমান যেও না যেও না ।
এমন নিদারণ কথা, কয়ও না হে হথা, দাসীর
প্রাণে ব্যথা, দিও না দিও না ।।
ক্ষান্ত হওহে নাথ বাণের বিষম শর, সবে না যে
ভোমার কোমল কলেবর, দাসীর বাক্য ধর, ওহে
প্রাণেশ্বর, রণে অগ্রসর হও না হও না ।।

অনি। প্রিয়তমে! যে কোন কার্য্যে হোক যাত্রাকালে
বাধা দেওয়া কি উদ্যম ভঙ্ক করা দেও একটা অমঙ্কলের চিত্র,
বরং তাহাতে অনিউপাতেরই সম্ভব। দেই দানবারি, দৃষ্টদলন দারকানাথ শ্রীকৃষ্ণের পেত্রি, ত্রিলোকহতদর্প কন্দর্প
পুল্ল, এবং বীরাত্রগণ্য যদুকুলোদ্ভব হয়ে একটা সামান্য
অস্তর ভয়ে ভীত হয়ে কাপুক্রাম্বর ন্যায় একটা স্ত্রীর কথায়
বিরত হব। (কিঞ্চিং কোপে) কথালই নয়, আমি চল্লেম।
(একটা সামান্য অর্গল হস্তে বৈনা সন্মুখে বেগে গমন)।

(উষার কাতরস্বরে দুর্গার ন্তব ।)

या। अत्मिह् तत्म, त्रांग, क्रांत, ज्रांत (यथात्म रा तिशाप शांक, अक्तात मूर्गा नाम करल कान तिशाम शांक ना। मा। আমি তোমার দাসী ঐ পাদপত্ম ভিন্ন অন্য কিছু জানি না, একবার দাসীর প্রতি কৃপা করে প্রাণেশরের প্রাণ রক্ষা কর মা।

রাগিণী বিভাষ—তাল আড়া।

এইবার আনি বুক্ব তারা তনয়ে তোর কত স্লেহ। পিতা মোর প্রাণের বিপক্ষ স্থাপক্ আর নাই মাকেহ।।

স্বচ্চরণ করে সাধন, পেয়েছি প্রাণ পতি ধন, আজ বুঝি মা হারাই দে ধন, এই ভয়ে কাঁপিছে দেহ ৷৷

দৃত। মহারাজ! ঐ দেখুন সেই বীরপুরুষ দণ্ড হতে। দাঁড়ায়ে আছে। আর ভয়ের লেশমাত্রও নাই।

> (রাজা ক্ষণেক অনিমিষনেত্রে অনিরুদ্ধের অবয়ব দেখে মস্ত্রির প্রতি।)

রাজা। অমাত্য ! দেখ, ঐ কোমল কুমুম সুকুমার তরুণ বয়ক্ষ পুরুষকে দেখে আমার শরীর স্নেহরদে আর্ড হতেছে, এবং দৈনা সংহার জনিত ক্রোধেরও অনেক শান্তি হয়েছে।

মন্ত্রি। মহারাজ আপনার মনে ত হতেই পারে, আমা-দের মনে আর দেরপ ভাব নাই। রাজপুত্রীর অনুরূপ পাত্রই হইয়াছে, আর ইহার রূপলাবণ্য ধারা বোধ হচ্ছে যে জাতি কুল ইত্যাদিতে আপনার সহিত নিতান্ত অযোগ্য না হবেন। অতএব জনেক দেনাপতি দারা উহাকে সমীপন্থ করে বিশেষ পরিচয় জ্ঞাত হওয়া যাক অভিযত হলে যথা বিধানে কন্যা সম্পুদান কর্বেন।।

রাজা। সংপরামর্শ বটে, ওংহ সেনাপতিগণ তোমার। অগ্রে উহার নিকট গিয়া প্রথমত মিষ্ট ব্যক্তো, না হয় কে-শলে, শেষে বল প্রয়োগ দ্বারা আমার নিকট আনয়ন কর।

সেনা। যে আজা চল্লাম।

(প্রথমে মিউবচনে অনিক্লন্ধের প্রতি)

ওহে রাজাজায়, তোমাকে ভূপদমীপে যেতে হবে, কেন অন্যায় আচরণে প্রবুত্ত হয়েছ।

অনি। তোদের রাজার প্রয়োজন হয় আমার নিকট আস্তেবল আমি দৈত্যপতির আজ্ঞাধীন, কোন নরাধ্য নহি।

সেনা। তুমি বহুতর বৈন্য সংহার করেছ বলে ভীত হয়ে যেতে সাহস কর্চে: না তা তয় নাইরাজা তোমার প্রাণ দণ্ড, বা দৈহিক কোন পীড়ন কর্বেন্ন। তুমি চল কোন শক্ষা নাই।

অনি। ওরে অসুরাধম ? আমি তোদের রাজাকে সা-মানা কীটের নাায় জ্ঞান করি সে ভাগ কেন দেখাস্ইচছাহয় বলপূর্কক আমাকে বন্ধান করে লয়ে যা, না হয় প্রাণ লয়ে প্রস্থান কর,। দেনা। ওরে অজ্ঞান বালক, তুই বাণ রান্ধার বলবীর্য্য জানিদ না, আর কতগুলি কুতে পাণী হীনবল দৈন্য সংহার করে, তোর এতদুর অহস্কার হয়েছে, তবে দেখ ওরে দৈন্য-গণ যেরপে হয় এই দৃর্ভকে ধরে আন।

অনিক্লন সংগ্রামে বহু দৈন্য সংহার, দেখিয়া রাজা মত্রির প্রতি।

মন্ত্রি দেখ ক্রমেই ঐ দূর্ত্ত বালকের হস্তে আমার অনেক সেনা নাশ হতে লাগল, এরপে আর কিরপেই বা সহ্য করি, সুতরাং যুদ্ধে প্রব্রুহতে হলো।

(এই বলে রাজা কর্তৃক অনিক্রজর নাগপাশ বন্ধন এবং অনিক্রজের আর্ত্তনাদ।) রাগিণী পরজ—তাল মধ্যমান।

আজ জীবনান্ত হয় বুঝি বন্ধনে। এই ছিল বিধাতার মনে, লাধে, বাদ লাধলি আমার কি বিবাদ ছিল তোর দনে।

ভূরত দৈত্য সদর্পে আদি বিদ্যমান, নাগ পাশে করে আবদ্ধ করে অপমান এ সময় কোথা হে হরি, পিতা মোর শম্বরারি, কোথা রৈলে প্রাণেশ্বরি, মরি ভব অদর্শনে॥

রাজমহিষীর উষাভবনে গমন এবং তথ কৃত্তক উষার ভংগনা—

হাঁলা কালামুখী, কুলনাশিনী, তোর এত বুকের পাট্টা, কি সাহসে হল বল দেখি শুনি, ওমা মেয়ের এতক্ষাদ্ধ। যে যা মনে হবে তাই করবি। একবারে রাজকুলে কালি দিলি, আমাদের সর্বনাশ কন্তে তুই মেয়ে হয়ে জন্মে ছিলি, আমি কি, এই জন্য ভোরে গর্ভে ধারণ করে কন্যাভ্রয়ে কাল সাপকে আপ্তনাশের জন্য প্রতিপালন করেছিলাম, হা গিতৃঘাতিনী, হা মাতৃ হস্তা পাপীয়মী তোর মনে এই ছিল, যে মাত। পিতার অপেকা, করিলি না গুরুজনের ভয় রাখলিনা, কুল ধর্মা লক্ষ করিলি না, জাত, মান, লঙ্কা একেবারে জলাঞ্জলি দিলি ধিক তোর পিতা মাতাতে ধিক, তোর নারী জন্মেও ধিক, তোর ধম কমেও ধিক আত্মাভিমানেও ধিক্ তোর স্থনিত জীবনেও ধিক্, হাঁলা ভোর মনে যদি এই ছিল, ভাল আ-মিত, মা, বেঁচে আছি মরিনি, পূর্ব্বে একবার বল্লেইত হত, আপনি না হয় সহচরীরে ত ছিল তাদের দারা জানালেও ত আমি একটা সদুপায় কন্তাম, যেখানে, যে পুরুষকে তুই মনোনীত কব্তিস আমি রাজাকে বলে তারই সঙ্গে তোর বিয়ে দিতাম, স্বৰ্গ, মতৰ্গ, পাতাল এই ত্ৰিভুবন মধ্য আমাদের অসাধ্য কি আছে; দেবতা, গন্ধর, নর, যক্ষ রক্ষ ইহার মধ্যে যাকে ইচ্ছা হত তাকেই সম্পূদান করাম। আমার একটী মেয়ে, পাচটা নয়, মনে ছিল যে উষার বিয়েতে মনের সাধে দান খান নৃত্যাগীতাদি ছারা, আমোদের একশেষ করবো, না একবারে আমাদের মাধায় বজুংঘাত কলি এখন পরের ছেলেটাকেও মার্লি আপনিও মলি, আর আমাদেরও মাধা এককালে খেলি। বলি হালা মাধবি! এ কাজ ত তোদের অজ্ঞাতে কখনই হয় নি. তোরাই ত এর মূলাধার, নৈলে তোরা কেন জেনে, ভানে, আমাকে আগে বলিদ নি, থাক্ আগে রাজা আমুন্ ভোদের চুল মুড়িয়ে, ঘোল ঢেলে, নাক কান কেটে দেশের বার কর্বো তার পর যা হয় হবে।

(রাণীর প্রস্থান চিত্রলেখার সহিত চন্দ্রাবতীর সাক্ষাৎ)

চন্দ্র। চিত্রলেখা বলি তুমি আজ এমন বিষণ্ণ-ভাবে আস্ছ্কেন, তোমার মুখ দেখে কেমন কেমন বোধ ২চ্ছে, বলি রাজমহিষীর মহলে প্রিয়স্থা অনিক্লন্ধের কোন কথা শুননি ত ?

চিত্রা। সখি ! সে কথা বলতে হৃদয় বিদীর্ণ হচ্ছে, শরীর কাপছে, মুখে কথা বেরয় না শুনলাম যে মহারাজ, তাঁকে হস্ত পদ বন্ধন করে, বৃকে পাষাণ দিয়ে কারাগারে রেখেছেন, প্রাণ রক্ষা হওয়া কঠিন।।

७१ डेवाइतन—गीडाडिनम् ।

রাগিণী ঝিঝিট—তাল মধ্যমান।

কি আর কব সে ছঃখ ভোমাদের স্থানে ।
কারাগারে অনিরুদ্ধ আছেন বন্ধনে ॥
ফুলহার ভার যার পক্ষে, পাষাণ চাপা ভার বক্ষে
শুনে সহচরী ছঃখে মরি গো প্রাণে ।
যে অবধি পতি হারা, কাঁদে উষা পড়ে ধরা,
ভাই বলি এ কথা যেন না শুনে কানে ॥

চক্রা। তাই ও সথি ! এ কথা রাজনন্দিনী শুন্লে ওখনই আত্মহত্যা হবে কেউ রাখতে পার বে না। আহা ! এমন সর্ক্রেশে কথা শুনে আমাদেরই গা কাঁপ ছে, যাব কি পা উচছে না, তাতে সে শুন্লে কি আর বাঁচ বে। যা হোক্ সেখানে সে একলা আছে, চল, আমরাও যাই,—এখন এক দশুও তার কাছ ছাড়া হওয়া হবে না।

চিত্ৰা। তাই চল কিন্তু হঠাৎ যেন এ কথা প্ৰকাশ না হয়।

চন্দ্ৰ। হাঁ ভাই ! তুই কি খেপেছিদ্,—এও কি বলা যায়।

উষা। (সত্রস্ত হয়ে) স্থি। যথন তোরা আমার কাছে আসিদ্, হাস্থ্যদন দেখি। আজ্এমন বিষয়ভাব দেখ জি কেন ? সভা করে বল, প্রাণনাথের যুদ্ধের সংবাদ কি কিছু শুনেছ ?

চিত্রা। রাজনন্দিনি! সমস্ত মঙ্কল, কোন চিন্তা নাই। রাজা তাঁকে পরিচয় লবার জন্য সভায় লয়েগেছেন, এই কথা শুনে এলাম।

উষা। না সধি! তোমাদের মুখ দেখে আমার প্রাণ উড়ে গেছে, বল আর নাই বল, আমার প্রাণের মধ্যে কিবল অমঙ্গলই দেখ্তে পাছি।

রাগিণী খট বিভাষ—তাল একতালা।

বল আর নাবল, বুঝেছি সকল, জিবন সচঞ্জ, হতেছে আখার ৷

দেখি সকল অনকণ, বুকিবিলকণ, অভাগিনীর কপাল ভেঙ্গেছে এবার ।।
যদি বল ভাল আছেন গুণমণি, ভবে কেন প্রাণ
কাদে গো সজনী, কি হলো তাই শুনি, বল সভ্য
বাণী, মনে জানি এবার নাহিক নিস্তার ।।

উষা। সথি ! তোমরা যাই বল, আমি মনে মনেই বুরুতে পোরেছি যে, আমার কপাল ভেঙ্গেছে। তা ভয় কি বল ন। কেন ? আমি যে দিন প্রাণেশ্বকে সেই দুর্জয় দৈতানাণের সন্মুখে যেতে দিয়েচি, সেই দিনই আমার সকল সাধ ফুরামেছে। তবে এই হতভাগিনী পাতিঘাতিনী রমণীর কপালে
এখনও আরও অনেক যন্ত্রণা আছে, তাইতে এই কঠিন প্রাণ বেরুচেন না। যা হোক সবি! আর কেন গোপন কর তোমরা সত্য বল, এ কথা কখন ছাপা থাক্বে না। যদি আমার
অদৃষ্টে তাই ঘটে থাকে, তা ভোমরা বিবেচনা করো না যে
এ হতভাগিনী এক দণ্ডও পতি বিরহ সহ্থ কর বে, শ্রবণমাত্রেই
ছায়ার নাায় তাঁর পশ্চাছার্ত্তিনী হব। শীদ্র বল, নচেৎ এই
দেখ ভোমাদের সন্মুখেই প্রাণত্যাগ করি।

চিত্রা। তুমি স্থির হও, আমরা শপথ করে বল ছি, তোমার প্রাণেশ্বর ভাল আছেন, তবে অন্যায়রূপে রাজার অনেক দৈন্য সংহার করায় কিছুদিনের জন্য কারাবদ্ধ করে-ছেন,—সেও আবার রাগটা পালেই মুক্ত কর্বেন, সে জন্য এত কাতর হইও না।

পারিপার্শ্বিক।

ध्या ।

সখি মুখে শুনি বাণী, শিরে করাবাত হানি ধরাতলে পড়ে অচেতন। ধরে তবে স্থিগণ, কেহ করে বায়ু ব্যক্তন, কেহ করে শ্লিল স্থিন। সচেতন হয়ে তবে, উষা কান্দে উচ্চরবে,

মণিহারা সাগিনীর প্রায় ।
বলে ওগো চিত্রলেখা, এই কি ভাগ্যে ছিল লেখা,
কি কথা শুনালি আজু আমায়॥

রাগিণী ললিত—তাল একতালা।

একি কথা নিদারুণ সহি রে শুনালি এখন।
প্রাণপতির অদর্শনে এ পাপ জীবনে, আর কিছু
লাহি প্রয়োজন॥
জন্মান্তরে কত করেছিলান পাপ, সেই জন্য এত
পেলান মনস্তাপ কি ধন লয়ে আর থাক্বো গো
সংশারে, পতিধন রৈল বদ্ধ কারাগারে, ছি ছি
ভাগ্যে এইকি ছিল, এত সহিতে হলো, হায় রে
কি নিষ্ঠার বিধি বিদ্যান॥

উধা। হা নির্দায় পিতা! তোমার মনে এই ছিল? জাগে এই পাপিনী কন্যার প্রাণ নউ ন। করে, নিরাপারাধে প্রাণেধরকে কারাক্রজ কল্লে। মণিময় মালা থাঁর বক্ষঃস্থলে অসম্ভ হত, সেই হাদয়কমলে প্রস্তর স্থাপন কল্লে, মুকোমল হস্ত পদ কঠিন শৃস্থালে বন্ধ কলে? রে নিষ্ঠুর বিধে! এত দিনে কি তোর অভিট সিদ্ধি হল ? এই নিরাপরাধিনী অবলাকে হত্যা করে কি তোর প্রভুত্ব ক্লি হবে ? হায় আন্মার অদৃষ্টে এই ছিল, দুর্গতিনাশিনী দুর্গা নামের এই ফল হলে।।মা! শুনেছিলাম তোমার নামে জগজ্জানের যমযন্ত্রণ। বোচন হয়, লোকের কামনা পূর্ণ হয়, বিপদকালে একবার দুর্গা বলে ডাক লে বিপদ থাকে না এই জন্যই মা! তোমার নাম একটী সর্কমঙ্গলা। তবে এখন আপনার সে দীনদয়ান্ময়ী নামের গুণ কোথা বৈল ?

রাগিণী ললিত—ভাল আড়।।

এই গুণে দীনদয়াময়ী ছুগা নাম ধরেছ ভবে।
মা বলে যে ডাকে যত তারে তত ছঃখ দিবে।।
ছুগা নামে দুঃখ হরে, তাই ডাকি মা সকাতরে,
একবার তরু নয়ন মিলে চাইলি না শিবে;
তব চরণ স্মরণ করে, হারাই যদি প্রাণেশরে,
তা হলে মা তিসংসারে দুর্গা নাম আর কেউ না
শবে।

(কারাগারে অনিরুদ্ধের বিলাপ।)

অনি ৷ হা বিধাত ৷ অপার মহাসাগর ঘাহারা কুত্র গোষ্পার পারশিবা জ্ঞান করে অবশোরে একটা সামান্য আল বালে পতিত হতে হলো, বুংদাকার গিরিগণ অনায়াসে তদ্ধ করে পরিশেষে একটা ক্ষুদ্র মৃথপিণ্ডে হত হতে হলো, বিশাল বিশাল বৃক্ষশ্রেণী তৃণের ন্যায় উৎপাটন করে শেষে একটা অতি ম্বণিত লতা দ্বারা বন্ধ হতে হলো, হায়! আমার বীরদর্পেও ধিক্! আমার স্থার্থহীন জীবনেও ধিক্! অমন বৈরিদিন,শন যদুক্ল এই হতভাগা দ্বারা অতঃপর কলঙ্কিত হোল। হে যাদবেক্স পিতামহ জীকৃষ্ণ! তৃমি কি জান্তে পাচ্ছ না যে, তোমার দুইটদমন দানবারী নামে কলক হয়।

রাগিণী ললিত—তাল আড়া।

কোথা হে করুণাময় রুঞ, কংশ রুন্তন। বিরুদ্ধ বন্ধনে তে,মার অনিরুদ্ধ হয় নিধন॥ পিত,মহ পীতাম্বর, থাক্তে পিত। পঞ্চার,

দূর্গতি সংহ্ন। আর, ছে মধুসুদন ॥ এক বার দেখা দেও আমারে, বন্ধ আছি কারা-গারে, হুদয়ের পাষাণ ভরে, বিদরে মম জীবন॥

রে দক্ষবিধে! তুই এই অবিধেয় কার্য্য নিষ্পাদন করে কি লোকমগুলীতে যশোভাজন হলি। কি স্থী স্বার্থ সাধন করিলি হায়, এমন সময় দুর্গতি নাশিনী দীনদ্যাময়ী দুর্গা কোপা, মা! এখন আপানি ভিন্ন আমার আরু ত্রিস্তু- বনে কে আছে, যে নামে জীবের ভববন্ধন মোচন হয়, আমার এই সামান্য কারাবন্ধন মোচন হবে ন।।

রাগিণী বিভাষ—তাল একতালা।

কোথ। আছ মা বিপদ নাশিনী তারিণী গো। এ ছঃখ ছন্তরে, বল কে নিস্তারে,

বিনা হর হৃদয়বাসিনী।
ও পদ কর্লে সাধনা কার বিপদ থাকে না মা,
তাই ডাকি শন্তুগলনা শুন্তবাতিনী, নাহয়ে সন্তানের এত বিড়ম্বনা, নয়ন মিলে একবার দেখেও
ত দেখুলে না, আমি মরি প্রাণে, ভয় নাহি মনে,

ও नारम कनक इरव शि फनिन !

জনি। কোথা প্রিয়নী উষা এসময় কোথা বৈলে, বুনি আর তোমার দেই অকলক্ষ বদন সুধাকর দর্শন কর তে পারলাম না, সেই দুর্ল্ল ভ সহান্য আল্যের অমৃত ধারাম্বাদে নৈরাম হলাম, আহা আর সেই মধুর বলকণ্ঠকানি এবংশ কর্ণ কুহর পারিভৃপ্ত করিতে পার লাম না, আর বুনি সেই অলোক সম্ভুত অক্ষ সৌষ্ঠব দৃষ্টে নেত্রস্থাসম্ভোগে বিরত হলাম, হায়, যখন তোমার সেই পীয়ুষ পূর্ণ প্রবোধ বাক্য পারম্পার লক্ষন করে এই দুর্দান্ত দৈত্যমুদ্ধে এসেছি, তথন আ্যার

এরপ দুর্গতি হবে, তার বিচিত্র কি ? যা হউক প্রিয়ে এখন তৃমি কোণা রহিলে বুঝি এই কারাগারেই আমার প্রাণ যায়।

রাগিণী ললিড—তাল আড়া।

এ সময় প্রেয়সি, শশিবদনী, কোথা রহিলে বল না।

বিদায় হই জনমের মত বুঝি আর দেখা হলোনা?

তব বাক্য ভুচ্ছ করে, কেন আইলাম সমরে,

হৃদয়ের পাষাণ ভরে মরি সছে না
আশা ভর্মা বিফল হল, সুখ সাধ ফ্রায়ে গেল,
মনের খেদ মনে রহিল, এ ছঃখ মলেও যাবে না।

(नांतरमत व्येत्वर्भ)

রাগিণী ভৈরবী—ভাল চুংরি।

হরিনাম সরসে কর রসনা রস কীর্ত্তন। গেলরে দিন গেল গেল এলরে ছুই শমন।

মন্ত হয়েরে মন, তত্ত্ব হারাও কেন, পরমার্থিনে কররে নিত্য দাধন॥

নার। হায় ত, করচিই বা কি, কর্লামই বা কি, আর করবই বা কি, এখন থাকিই বা কি নিয়ে অনেক দিন হতে পৃথিবীটে স্থির আছে, ঝকড়া বিবাদত একেবারেই গেছে,। হায় ত আমার এমন ত্রিলোকবিজয়ী নারদ নামে কলঙ্ক হল, একেবারে ঝকড়া ঝাটির খেই হারিয়ে বশেছি, যা হোক একবার দেখ্তে হল, যদি কোন খানে কিছু থাকে।

(ক্ষণেক নয়ন মুদ্রিতে ধ্যান করে)

এইত বটে, আর যায় কোথা, তাইত বলি এমন অপ্রতি হত নাম মাহাত্মাটা কি একেবারেই থাবে। থাই একবার দৈক্ষারাজ বাণভবনে যাই, সেথানে গেলেই মনোনীতটা পূর্ণ হবে, আর ভাবনা কি ? সেথানে একেবারে কাঠে আগুনে প্রস্তুত আছে, কেবল একটা ফ দেবার অপেকা।

(নারদের রাজভবনে প্রবেশ)

রাজা। আসুন আসুন দেবর্ষে প্রণাম হই, একণে কো-খায় গমন হচ্ছে।

ना। आंत्र वांश जांगारक है अकवात आंगीकां कर उ

এলাম, অনেক দিন এ দিকে আশা হয় নাই, আরও একটা বিরুদ্ধ সংবাদ শুনে, ভাবলাম তবে যাই একবার দেখে আদি, কি আশ্চর্যা! একি বাঘের ঘরে ঘোগের বাসা, ক্ষুদ্র ভেক হয়ে কাল সর্প আকর্ষণ করে, শুনে পর্যাস্ত আপাদ মস্তক হুডাশনের ন্যায় প্রজ্জ্বলিত হচ্ছে, বলি কিছু সমুচিত দণ্ড দেওয়া হয়েছে ত,।

রাজা। বাজা হাঁ তবে এক কালে প্রাণের হানি না করে, সেই পাপিষ্ঠকে কারাগারে বুকে পাষাণ দিয়ে হস্ত পদ শৃঞ্জলে বন্ধ করে রাখা হয়েছে।

না। উত্তম হয়েছে উত্তম হয়েছে, তা হবে না কেন, তুমি কি একটা যেনন তেমন রাজা, তাই অবিবেচনার কার্য্য হবে, মেরে কেল্লে ত এক দিনেই চুকে যেত, এখন যাবজ্জীবন কর্মোচিত ফল ভোগ করুক,। যা হউক কোন ক্রমেই ছেড় না। মহারাজ ও বেটাদের দশাই এ, আমি ওদের বিলক্ষণ জানি, ওর পিতামহ ত একটা লম্পটের শিরোমণি, রন্দাননটা একেবারে ছার ক্ষার করেছে,। গোয়ালা পাড়ায় আর সতী রাথে নি, সকলেরই পরকাল খেয়েছে। আর ওর বাপের কথা কি বল্বো, তার নাম মদন, লোকের কুল মজাবার গোড়াই সেই বেটা, তিনি যার ঘরে একবার প্রবেশ করেন, তার আর কিছু বাকি রাখেন না, এত তারই ছেলে বিশ্বকর্মার বেটা বেয়াল্লিকর্মান, না হবে কেন এটা ওদের কোলিক ধর্ম,

এই বার ধরা পড়েছেন, যা হোক ধরেছ ত ছেড় না, ছেড় না, তবে আমি এখন চলাম।

(বিনা হত্তে নারদ হরিগুণ কীর্ত্তন করিতে করিতে কৃষ্ণের নিকট গমন।)

রাগিণী টোরি—তাল কাওয়ালি।

গাও আনন্দে রে গোবিন্দ গুণ বিশে।
সে নাম বিনে এ ভব সাগরে পার যে পাবিনে।
নিত্য চিন্তরে অনিত্য ভাবনা, করনা, করনা
এদিন যে রবে না হল নিকট, কাল বিকট, শেষে
প্রমাদ ঘটিবে হ্রির সাধন বিনে দে দিনে॥

নারদ। ঠাকুর প্রণাম হই ?
কুষ্ণ। এস এদ নারদ যে, আফ্ কি মনে করে বল দেখি ?
নারদ। আপনি ত নিজে আত্ম বিশাত। এই সমস্ত পুত্র
পোত্রাদি লয়ে সংসার কচ্ছেন বটে; কিন্তু কোথায় কে
থাকে তার ত তত্ত্বাবধান করেন না। আপনার পোত্র অনিকুদ্ধ কোথা বলুন দেখি।

कृषः। (कन अनिक्रक कि घरत गाँहे ?

নারদ। আজা তা হলে আর জিজ্ঞাস। কর্বো কেন, আজ ছয় মাস হলো, সনিৎপুরে বাণকারাগারে বন্ধ আছেন। তাঁর দুঃখের কথা আর কি বল্বো।

রাগিণী ভৈরবী—তাল আড়া।

যে হঃখ আজ দেখে এলাম কি বল্বো কৃষ্ তোমারে। বাণ কারাগারে তোমার অনিকৃদ্ধ প্রাণে মরে॥ কর পদ বন্ধ শৃন্ধানে, পাষাণ চাপা বৃক্ষঃস্থানে, ভাসে কিব্ল নয়ন জলে, বলুব কি প্রাণ বিদরে॥

কৃষ্ণ। সে কি হে নারদ আমি ত এর কিছুই জানিনে। সত্যই কি আমার অনিকুদ্ধ বাণ কারাগারে বদ্ধ আছে।

নার। ঠাকুর কি বল্ব বন্ধ হলেও ত ভাল হত, শুন-লাম বক্ষঃস্থলে একখান বৃহৎ পাথর চাপান আছে, তাতে এত দিন জীবিত আছে কি না, বল্তে পারি নে।

কৃষ্ণ। ওবে নারদ তোমার কথায় যে আমার প্রাণ অন্থির হল, কলেবর কম্পিত হচ্ছে। হায় কি সর্মনাশ! নারদ আর কি আমি সেই প্রাণাধিক অনিরুদ্ধের মুখচক্র দেখবো রে ?

নার। চাকুর এখনও যদি সত্তর গিয়ে উদ্ধার কর্তে পারেন্বোধ হয় তা হলেও দেখ্তে পান্।

কৃষ্ণের ক্রন্তপদে বলরাম ও অন্যান্য যাদ্ব গণের নিকট গমন ও কথোপকথন।

কৃষ্ণ। দাদা মহাশয়! বলরাম। ভাই এত ব্যস্তসমস্ত হয়ে কেন বল দেখি।

(9)

কৃষণ। আর কি বল্বো আজ নারদের মুথে শুনলাম ্য প্রাণাধিক অনিরুদ্ধ আজ্ ছয়মাস হলো বাণকারাগারে বন্ধ আছে, এত দিন জীবীত আছে কি না সন্দেহ।

বল। কি বল্লে প্রাণপোত্র অনিরুদ্ধকে সেই দুই অমুরাধন কারাবদ্ধ করেছে, সে কি ভাই তুমি এই বিষম অশুভ সংবাদ শুনে এখনও স্থির মাছ, ধিক্! আনাদের বাহু-বলে এই ত্রিভুবনবিজয়ী অতুল পরাক্রান্ত ছাপ্পান্নকোটি বদুবংশীঘেরা জীবীতসত্বেও এই গহিত কার্য্য সহু কর্তে হলো। ভাই এখনই সদৈন্যে চল সেই দৈত্যাধনকে সবংশে ধ্বংশ করে, এই লাঙ্গলের দ্বারা সনিৎপুর উৎপাটন করে সমুদ্রে নিক্ষেপ করে আস্ব।

রাগিণী ভৈরবী—তাল পোস্তা।

চল চলরে চিত্ত চঞ্চল হতেছে আমার। কটাক্ষে আজ সে বিপক্ষে সবংশে কর্ব সংহার।

ছি ছি আমাদের প্রাণে ধিক্, থাক্তে ছংখ পার প্রাণাধিক্, ওরে ভাই কি বল্ব অধিক, জুলে প্রাণ শুনে সমাচার॥

> (ছাপ্পান্নকোটি যদুবংশীয় সহিত সমরসজ্জার কৃষ্ণ, বলরামের সনিৎপুর যাতা।)

রাজা। ওহে মন্তি!

মস্ত্রি। কি অনুমতি হয় মহারাজ ?

রাজা। দেখ, আজ্ বুঝি আমার শিববাক্য সকল হয়, বেহেতু ঐ সন্মুখন্থ কেতু ভা হয়েছে, বোধ হয় এত দিনের পার আমার মনোরথ পূর্ণ হল, চিরপ্রার্থিত সমযোদ্ধার সহ সংগ্রামে আজ্ মনোভিট দিন্ধি কর্ব। তুমি ত্রায় সংবাদ লও, কোন্ বীর আমার সঙ্গে যুদ্ধার্থী হয়ে সমরাঙ্গনে উপ-ন্থিত হয়েছে।

দূতের প্রবেশ।

রাজদূত। মহারাজ ! বড় বিপদ উপস্থিত। দারকানাথ কৃষ্ণ, বলরাম প্রভৃতি যদুবংশীরেরা অসংখ্য দৈন্য সঙ্গে
সমরসজ্জায় আপনার রাজধানিতে প্রবেশ করেছে, বোধ
হয় আপনার সহিত সংগ্রামের মানস,।

রাজা। গুছে অমাত্য, এ বড় আশ্চর্য্য কথা. সেটা ত গোকুলে গোপান্নে প্রতিপালিত, নন্দ ঘোষের বেটা, তার এত সাহস, যে ত্রিভুববিনজয়ী বাণরাজ সমক্ষে সমর সহজায় উপস্থিত। কি, স্পর্জা, একটা ক্ষুদ্র মূষিক হয়ে কাল ভুজঙ্গ স্পর্শ করে! একবার জরাসন্ধ ভয়ে পৃথিবী ত্যাগ করে ছিল, এবার প্রস্থানের কি উপায় স্থির করে এসেছে ? যাহোক এবার তার যুদ্ধ সাধ্টা মিটাতে হবে। (সার্থির প্রতি) সার্থে !রথ প্রস্তুত কর।

> রাগিণী বাহার—তাল কাওয়ালি। সাজেরে সাজেরে রথ রথি।

मदर् ना विलय,

ক্রিয়ে দ্ভু,

দামামা ডক্ষ, বাজায়ে সকম্প কররে ন্ধিতি ৷ ধর ধর মম বাক্য, কর বিনাশ বিপক্ষ জোধেতে কাঁপিছে বক্ষ.

तिश्र कार,

করি জয়,

্কর কররে সংগ্রামে সংপ্রতি॥

অসংখ্য সেনা পরিব্রত বাণরাজের কৃষ্ণ বলরাম সহিত, প্রথমতঃ বাক্যুদ্ধ।

রাজা। ওরে গোপ কুলাঙ্গার কৃষ্ণ। তোরা কোন সাহসে এই ত্রিলোক বিখ্যাত প্রবীর বাণ্যুদ্ধে প্রবৃত্ত হয়ে ছিন্তোরা কি ভেবেছিন্যে আমার এই অশান সদৃশ শরনিচয় বার্থ করে গৃহে প্রতিগমন কর্বি। রে নির্কোধ। কেন অজ্ঞান অজার ন্যায় ব্যাদ্রকবলে প্রবিষ্ট হচ্ছিস্, এখনও বলি সমর সাধ ত্যাগ কর, এও কি শুনিস্ নি যে আমার বাহ্বলে সহস্রাক্ষ প্রভৃতি বীরগণ সদা সশঙ্কচিন্তে কালাতি বাহিত কচ্ছে। তুই একটা সামান্য গোপতনয় অতএব এখনই প্রস্থান কর।

কৃষ্ণ। রে দুরাচার অসুরাধন, এটা তোর জনসকুল বুদ্ধি, তুই নহাদেবের বরপ্রভাবে ইন্দ্রাদি দেবতার অবধা, সুতরাং সুখে রাজ্যভোগ কচ্ছিন্, এত দিনে তোর সে দর্পচূর্ণ হল। আমার হস্তেই তোর মৃত্যু নিশ্চয় বোধ কর। এখন এই নিশিপ্ত শরজাল নিবারণের উপায় দেখ। তুই যে সহস্র বাহুর অহঙ্কারে মন্ত হয়েছিস্, এই অস্ত্রে তোকে ছিমশাখা তরুর ন্যায় নিভূজ কর্ব, সমর্থ হও রক্ষা করা

> এইরপে উভয় দলের যুদ্ধারন্ত, কৃষ্ণ শরাঘাতে কাতর দৈত্যপতি মন্ত্রির প্রতি ।

রাজা। মন্ত্রি! দেখ মহা মহাবীর সেনাপতি, বহুতর বৈন্য সহিত সমরশায়ী হচ্ছে। আমারও অরাতি নিক্ষিপ্ত বাণে শারীর অবসন্ন হতেছে, আর সহ্ হয় না। এখন উপায় কি বল দেখি ?

মত্রি। মহারাজ ! এই সময় আপনার ইউদেব দেবাদি-দেব মহাদেবের সারণ করুন্, সমস্তই মঙ্গল হবে।

(রাজার শিংত ।)

নগে দেব, মহাদেব, দীনভক্তবংসল।
নির্কিকার, সর্বাধার, থর্ককামকুশল॥
শিরে ভাল, জটাজাল, হাড়মাল ভূষণ।
গর্জে ঘন, কণিফণ, দুট দর্প দূষণ।।
বাঘছাল, মহাকাল, কটিভটে নাজিছে।
বাজে গাল, ভালবেভাল, উর্জবান্থ নাচিছে।।
ভাবে ভোর, শিক্ষা ঘোর, ভভম্ভম বাদিত।
চলাচল, হলাহল পানে ভোলা মোদিত।।

অন্ধভানু, বিধুক্শাণু, তিন নেত্র ধারক।
বোমকেশ, ত্রিপুরেশ, মদনান্ত কারক।
শুভঙ্কর, দিগন্ধর, বৃষধ্বজ বাহন।
সর্ব্বময়, গুণত্রয়, নিতা চিন্তমোহন।।
আদি অন্ত, হে অনন্ত, ব্রহ্মাণ্ড প্রকাশন।
দীনে রক্ষ, বির্মাক্ষ, দক্ষয়জনাশন।

রাগিণী বিভাষ—তাল কওয়ালী।

কাতর কিন্ধরে করণা কর শন্ধর।
কটান্দে বিপক্ষ হতে রক্ষমে শুভন্ধর॥
বুঝি আজ যোর সমরে, মরিছে ক্লেগর শরে,
সহে না আর কলেবরে, করে অঞ্চ জুর জুর॥

(স্তবতু**ট আশু**ভোষের) প্রবেশ।)

শিব। বংস দৈতানাথ! এই যে আমি এসেছি,—ভয় কি এখনই তোমার রিপু নাশ করে কৈলাদে যাব, ভ্রি হও।

(নন্দি প্রভৃতি ভূতগণের প্রতি ।) শিব। অরে প্রমথগণ ! ভূতগণ। কি অনুমতি হয় চাকুর ? শিব। তোমরা নিজ নিজ অস্ত্রশক্তে সর্জ্জিত হয়ে বাণ-বৈরি কৃষ্ণ বলরাম প্রভৃতি যদুবংশীয়দের সহিত যুদ্ধে প্রবৃত্ত হও।

ভূতগণ। যে আজা প্রভূ।

পারিপাশ্বিক।

ধ্যা।

শুন শুন সভাজন, অতি অভূত ঘটন। বাণ্যুদ্ধে আপনি স∶জেন ত্রিলোচন।। ঘোর শব্দ রঙ্গ নানা, ভূত প্রেত দৈত্য দানা

সঙ্গে ধায় বিকট দর্শন।। ধেই ধেই থেই থেই নাচে রুদ্রগণ। কার্ত্তিকেয় গণপতি, রণ মধ্যে মহারথি,

নহাযুদ্ধে হইল নগন॥
দৈত্যপতি বাণ পুনঃ ধরে শরাসন।
কুস্তাগু কুপকর্ণ, বর্ষে বাণ নানা বর্ণ,

শরে করে শূন্য আচ্ছাদন।। রণ স্থলে করেন শিব স্বরের সূজন। পরশিয়ে যদু দৈনা, করে নব স্টেচতন্য,

> কেহ কাঁপে পড়ে ধরাসন।। দেখিয়া অনিই কৃষ্ণ হির করি মন।

ক্রে'ধে কাঁপে কলেবর,

তাহে হল বিষ্ণু জ্ব,

স্পর্শমাত্র নিশ্চয় মরণ॥

উভয় জুরের যুদ্ধ হইল তথন।

ক্রমে বিষম সংগ্রাম, করেন বিষ্ণু বলরাম.

সাত্যকি প্রদান যদুগণ।।

হরি হরে যুদ্ধ যেন প্রলয় কারণ।

त्र भंक लक्त त्रक्त,

ত্রিলোকের সংকম্প

প্রমাদ গণিছে দেবগণ।।

চারি দিক অন্ধকার স্তয্মিত পাবন।

করি মনে অনুমান,

দুম্বন অস্ত্র সন্ধান,

শিবোপরি করেন তথন।।

অলসে অবশ ভোলা নিজায় মচেতন।

পেয়ে দেই অবকাশ,

নাণ প্রতি জ্ঞানিবাস.

ব্রহ্ম অন্ত করেন ক্ষেপণ্ ॥

ক্রমে ক্রমে কাটিলেন বাণের ভুক্তবন।

ভয়ে ভীত দৈত্যপতি, ন। দেখে উপায় মতি,

ব্যাকুল ভাবিয়ে মনে নন।।

(হরিহরের যুদ্ধে ভীত হইয়া ইক্রাদি দেবগণের ব্রহ্মলোকে গমন এবং ব্রহ্মার সহিত কথোপকথন।)

ব্রহ্মা। এস, এস, স্বর্গণ! তোমরা আজ এত ব্যস্ত-ভাবে বিষয় চিত্তে আমার নিকট কি মনে করে ? দেবলোকে কোন অশুভ ঘটনা আবার উপস্থিত হয় নি ত ?

দেব। ঠাকুর সুধু দেবলোক নয়, এবার স্থর্গ মর্ত্য পাতাল প্রভৃতি ত্রিলোকেরই অমঙ্গল। আপনি ত যোগাবলমনেই অচেতন থাক্বেন, কোন বিষয়ের তত্ত্বাবধান
লবেন না, এখন যে আপানার এই সমস্ত বিস্তীর্ণ সৃষ্টি এককালিন রসাতল গত হয়। ইত পূর্ব্বে এই স্থর্গপুরে যখন
যে বিপাদ উপস্থিত হয়েছে, তৎক্ষণাৎ তা নিবারণ হয়েছে,
এবার আর নিবারণের উপায় নাই।

ব্রহ্মা। সে কি হে দেবরাজ! এর কারণ কি সবিশেষ আমার নিকট বর্ণন কর. এ যে অভি আশ্চর্যা কথা।

দেব। প্রজাপতে ! মর্তালোকে একজন বাণ নামে ভীম তেজা মহাবল পরাক্রান্ত দৈত্যাধিপতি বাদ করে, দেবাদিদেব মহাদেবের বরপ্রভাবে অমরত্ব লাভ করে স্বর্গ মর্ত্য পাতাল এই ত্রিভূবনেই দদাদর্বক্ষণ নানারূপ অত্যাচারারম্ভ করেছে, সংপ্রতি কোন একটা হেতু প্রযুক্ত নর-রূপি নারায়ণের দহিত তার তুমূল সংগ্রাম উপস্থিত হয়, এবং সেই দৈত্যপতি বাণের স্বাপক্ষে ভগবান ভবানিপতি

আপনি দগণে দমরাঙ্গনে উপস্থিত হয়ে জ্রীকৃষ্ণের সহিত
বুদ্ধে প্রব্নত হয়েছেন। ওঁাদের অসনি নিপ্পের সদৃশ ধনু
নির্ঘোষ গভির গর্জন এবং অসংখ্য দৈন্য কোলাহল প্রভাত
নানারপে ভীষণ শব্দে ত্রিভূবন কম্পিত হয়েছে, উভয় দলের
প্রচণ্ড শরানলে ব্রহ্মাণ্ড দক্ষা প্রায় হতেছে, এখন রক্ষার্থ
উপায় স্থির করুন্।

ব্রহ্মা। (ক্ষণকাল নিস্তব্ধভাবে চিন্তা, করিয়া।) হে দেবশ্রেষ্ঠ ! হে রন্দারকবৃন্দ ! ভোমরা এত ভীত হছে কেন, স্থির হও, এই উপস্থিত সংগ্রামে ত্রিলোকের অনিউপাতের সম্ভাবনা নাই, তবে এ কিবল দানবদমনের জন্য ভগবান বৈকুণ্ঠনাথ সকরে করবাল ধারণ করে যুদ্ধে প্রবৃত্ত হয়েছেন, এবং ভক্তবৎসলতার পরাকাষ্ঠা প্রদর্শন হেতু সদাশিবও প্রিয় শিষ্য বাণের স্থাপক্ষে সমরক্ষেত্রে অগ্রসর হয়েছেন। তাতে সংসার নাশের কোন আশক্ষা নাই। এক্ষণে তোমরা নির্ভয়চিত্তে একবার কৈলাসপুরে ভগবতী শিবানীর সমীপোগ্যন কর। তিনিই এই সকল নিবারণের উপায় কর বেন।

দেব। যে আজে চাকুর, তবে আমরা একণে কৈলাস-ধামে চল্লেম।

(দেবগণের কৈলাসপুরে পার্ক্কতীর সমীপে উপনীত এবং প্রার্থনা।

রাগিণী ভৈরবী—তাল আড়া।

काथा मा नर्वमङ्गल ।

नर्तानी भक्तती भिरत, नगरम भारतागठ मूरामू-

হইয়ে কৃষ্ণে অপ্রীতি, সংস্কর সংগ্রামেত্রতি, আজ বুঝি মা স্ফি স্থিতি, একবারে যায় রসা-তলে।

কে আছে আর তিসংসারে, এ বিপদে রক্ষা করে, তাই তোরে আজ সকাতরে, ডাকি ছুর্গ। ছুর্গ। বলে॥

দুর্গা। এস এস দেবগণ আজ তোমরা আমার নিকট যে জন্য এসেছ তা আমি সকলই অবগত আছি, এবং আমিও এখনই মনে মনে চিন্তা কচ্ছিলাম, তা এসেছ ভালই হয়েছে। আমি অবিলম্বেই সেই সমরক্ষেত্রে গিয়ে সকল বিবাদ নিবা-রণ কর ছি ভোমারা নিঃশঙ্ক মনে সন্থানে গমন কর।

> (ভগবতীর রণস্থলে উপনীত এবং মহাদেবের প্রতি)

দুর্গা। একি চাকুর! তুমি কি একেবারে উন্মন্ত হলে, ন্থির হও ন্থির হও, হিতাহিত জ্ঞান শূন্য হয়ে সদসন্ধিবেচনা না করে, একেবারে অজ্ঞানেরনায় কার সঙ্গে এই তুমুল সংখ্যামে প্রবৃত্ত হয়েছ, কার জীবননাশের জন্য প্রচণ্ড শূল দশু হন্তে ধারণ করেছ, কার প্রতি শরজাল, নিক্ষেপ কর্ছ, এবং কার সঙ্গেই বা সমর জয়ের প্রত্যাশা কছে। হে প্রমর্থ পতে! ক্রোধবেগ সম্বরণ কর, রণে কান্ত হও।

রাগিণী ললিত—তাল একতালা।

কান্ত হও হে নাথ, জান্ত কেন এত, জীবের জীবনান্ত, হয় হে ত্রিলোচন। কেন ধরাতল, দেওহে রসাতল, বৈর্যাধর কর কোধ বিমোচন। বল শুনি ভোমার এ কোন অনুভব, হরি হরে রণ একি অসম্ভব, অভেদান্তা উভয়েতে জানে সব, তবে কেন আছু সমরে মগন।

শিব। পার্মতি তুমি যা বল্ছ সকলি সতা, তবে কি
না বাণ আমার পরম ভক্ত, অধিক কি, কার্ত্তিক গণপতি
অপেক্ষাও প্রিয়তর, আরও দেখ ভক্তের মনবাঞ্চা পূর্ণ না
কল্লে আমার ভক্তবংসল নামে কলঙ্ক হবে, ভক্তের মঙ্গলের
জন্য প্রাণ পর্যান্ত দিতে হয় তাও ত তুমি জান।

দুর্মা। নাথ! তা সতা, তবে কি না বাণরাজার প্রতি তুমি যেরপে দয়া প্রকাশ করেছ, তা অন্যের প্রতি দূরে থাক

আনাদের উপরও তত দূর মন্তবে না, দেখ, তোমারই বরপ্রভাবে অমরত্ব লাভ করে স্বর্গ মর্ত্য পাতাল প্রভৃতি ত্রিলোক বিজই হয়ে একাধিপত্য কচ্ছে, আরও দেখ যার পর
নাই অথিলব্রহ্মাণ্ড নাথ নারায়ণের সহিতও আজ সংগ্রামে
অপ্রতিহত বলবীর্যা প্রকাশ কচ্চে, এবং তুমিও আপনি এমে
এই দৈত্যপতির মঙ্কলোদেশে শ্রীকৃষ্ণের সহিত ঘোরতর
মুদ্ধ কচ্চ; (বাণের প্রতি প্রবোধ বাকো) ওরে বাপু দৈত্যনাথ! তুমি কি এখনও জান্তে পাচ্ছ না যে কার সঙ্কে বিবাদারপ্ত করেছ, এখনি যুদ্ধে নিরস্ত হয়ে ঐ দানবারী বৈকুণ্ঠবিহারীর শারণ লও, ক্ষণমাত্রও বিলম্ব করো না।

বাণ। মাতঃ ! আপনার বরুণা গুণে এ দাসের আর অবিদিত কিছু নাই, তবে আমার চিরাভিলাষ এত দিনের পার আজ পূর্ণ হলো।

দুর্গা। তবে তুমি জ্ঞীকৃষ্ণের শরণাগত হও আমরা কৈ-লাসে গমন করি।

বাণা যে আজ্ঞামা ?

দেবীর মহাদেবকে সগণে লইয়া কৈলাশে গমন এবং বাণের কর্তৃক জ্বকুষ্ণে স্তব ।

नगरछ नातांत्रण नतिगः इ क्रश ।

तिम विधि धर्म कर्म,

जुमि मक्रान्त मर्ग,

তুমি নিতা ত্রন্ধ স্বরূপ।।

(Y)

नगरत जगनाथ जग जनार्फन।

মুফা করি মায়াবলে,

গোকুলেতে লীলা ছলে,

ধরিলে হে গিরি গোবর্জন। নমস্তে বাস্তুদেব দেব দামোদর।

তুমি অনাদি অন্ত,

সকলেরই আদি অন্ত,

হে অপার মহিমাসাগর।।

नमत्छ प्रयोगग्र (प्रतिन पीनवस्त्र)।

গোবিন্দ গোলোক স্বামী,

রাধিকারমণ তুমি,

রাসরসিক রসসিস্কো॥

नगरछ मधुष्ट्रमन मुकुन्मभुताती ।

তুমি রাম রমাপতি,

অগতি জীবের গতি,

কংশধ্বংসকারী দর্পহারী ।।

নমস্তে শ্যামস্থলর সভ্যসনাতন।

নিত্যানন্দ নিরাকার.

निथिल जन निखात,

নির্ব্বিকার নিত্যনিরঞ্জন।।

নমন্তে করুণাময় কুষ্ণ কেশব।

ভঙ্গন সাধন হীনে.

রাথ কুপ। করি দীনে,

দয়াময় নামের গেগরব।।

(ত্তব তুটে জ্রীকৃষ্ণের অভয় দান।)

কৃষণ। ওছে দৈতারাজ ! ক্ষান্ত হও। আমি তোমার প্রতি সম্ভট হয়েছি, একণে দ্বায় আমার পেলি অনি- ক্রন্ধকে কারামুক্ত করে আমার সন্মুখে আনয়ন কর, এবং তোমার কন্যা উবাকে এই শুভুযোগে নববীর অনিক্রন্ধকে সম্প্রদান কর। আর দেখ তোমার জন্মান্তরিত পুণ্য কলে এরপ দুর্লভ সংযোগ হয়েছে, মহাকালাভিধান দেবাদিদেব মহাদেব স্বগণে উপনীত হয়েছেন, সবংশো আমিও আগমন করেছি, এবং তোমার স্বগণ সকলই বিদামান আছে, স্বর্গ মর্ত্য পাতাল মধ্যে, দেবতা গন্ধর্কাদি এবং দিক্পালদিগের কৃত্যাধ্যে এরপ অসংখ্য লোক একত্রে সমবেত হওয়া অতি কঠিন। অতএব এই সুরাস্করবেন্টিত সভায় ত্রি স্বীয় সৌভাগ্যকর্মে ক্টিচিত্তে কন্যা দান কর।

রাজা। যে আজ্ঞা চাকুর, এদাদের আর কোন আপাত। নাই।

> (রাজার অমাত্য সহিত অনিরুদ্ধের কারামুক্ত ও উষা আনয়ানার্থে গমন।)

রাজা ! ওহে মন্ত্রি ! সকলই ত দেখ লে, এখন তে:মার্ অভিপ্রায় কি ?

মন্ত্র। মহারাজ শুভসাশীয়ং বিশেষত এরপ সৌভাগ্য ঘটনা, ভবাদৃশ মহারাজগণেরও অতি দুর্লভ । অতএব আমাদের বুদ্ধিমতে ইহাতে ক্ষণমাত্রও বিলম্ব বিধেয় নহে।

৮৮ উষাহরণ—গীতাভিনয় !

র'গিণী ভৈরবী—তাল পোস্তা।

তুমি করহে ভূপতি উষাবতী সমর্পণ। এযে বিধাতা নির্বন্ধ প্রজাপতির শুভ সংঘটন। ৰূপ হাণ কুল মর্য্যাদা, হয় তব যোগ্য জামতা, শুভস্যে বিলম্বর্থা, নাহি আর কোন প্রয়োজন।

রাজা। তবে ভোমরা অন্তঃপুরমধ্যে রাণীর নিকট সমস্ত বৃত্বান্ত বিব্লুত করে দিব্যবস্ত্র মণিময় অলঙ্কারে ভূষিতা উষা-বতীকে সভাষধ্যে লয়ে এস। আমি বদুবীর অনিরূদ্ধক লয়ে কুষ্ণু সমীপো গমন করি।

(মক্তিদয়ের অন্তঃপুরাভিমুখে গমন।

(কারাগার প্রস্থিত রাজা বিনিতভাবে অনিরূদ্ধের প্রতি।)

বংস ! আমা হতে তুমি যে সমস্ত দুঃসহনীয় কট অনুভব কর্লে আজ সে সকল দোষ ক্ষা কর আমার দ্রাদ্টবশতই এই সকল অনাায় কার্যা হয়েছে, কি কর্বে সমস্তই গ্রহবৈগু-ণার ফল।

অনি। মহারাজ ! আপনার দোষ কি, আমারই কুতাপরা-ধের ফল ভোগ হল, এখন আপনিই আমাকে ক্ষমা করুন। রাজা। বংস ! এই রক্মময় বস্তালকার পরিধান করত . আমার সহিত এস, তোমার পিতামহ প্রভৃতি যদুকুল তোমার প্রতিক্ষায় সভাসীন আছেন।

রোজার অনিক্লকে সর্বা সমক্ষে কন্যাদান তদুপলক্ষে
আনন্দোৎসব, এবং অনিক্লক ভিন্ন সকলের স্বস্থানগমন।)

(বাসগৃহে উষা অনিক্লছের কথোপকন।)

প্রিয়ে, মুখাবনত করে রৈলে কেন ? এখন একবার প্রক-ভাব প্রকাশী সহাস্থ বদনে প্রিয় সম্ভাবণরূপ অমৃতরাশি বর্ষণে বিরহতাপিতাক শীতল কর, গতশোকস্চনার সময় এ নয়, আমার কার্যাবিপাকে এ সমস্ত হয়েছে। তোমার দুঃখানুভবের বা লক্ষার আবস্থক নাই। প্রিয়ে ! অচুটের লিখন অখগুনীয়, শরিরীদিধের কখন অভাবনীয় দুঃখ কখন বা অসীম মুখ সম্ভোগ হয়, সে বিষরে দুঃখিত হওয়া অবৈধ,।

রাগিণী ভৈরবী—ভাল একভালা [

না হয় খণ্ডন, অদুষ্টের দিখন, তা কি জান না হে প্রাণ কান্তে। কভু সুখ পারাবার, কভু ছঃখের ভার, বৃহিতে হয় হে জীবের দেখ দুর্ঘান্তে। আমরা ত সামান্য মানবে উৎপত্তি, পূর্ণত্রন্ধ রাম অযোধ্যার পতি, রাজা হবেন কোথা বনবাদে গতি, অদৃষ্টের ফল কে পারে জাতে॥

উষা। নাথ ! যা বল্ছ সকলই সত্য কিন্তু আমার এই দুঃখ যে, তোমার সকল দুঃখের কারণই আমি, এই অভা-গিনীর জন্যই ত বিষম যন্ত্রণা সমস্ত তোমাকে অকারণ সহু কর্তে হল। সখা তোমাকে আর এ পাপমুখ ক্ষণকালের জন্যও দেখাতে ইচ্ছা হয় না, আমার নারীজন্ম ধিক্, দেখ, রমণী হয়ে নিজপতি পরিচর্য্যায় নিযুক্তা হয়ে কোণা পাতি-ব্রত্য ধর্মের অনুষ্ঠান্ কর্বো, না স্বীয় প্রাণেশ্বরের অসীম দুঃখের কারণ হলাম।

রাগিণী ট্রী-তাল একতালা।

শেষে কি ছে আমার কপালে এই ছিল।
প্রাণ ধরে প্রাণপতির ছংখ দেখিতে হল।
এ নারী জীবনে ধিক্, কি বল্ব ছে প্রাণাধিক্,
চিরদিন কাদিতে কেবল জনম গেল, আমার
জন্য মনে কত, যন্ত্রণা সহিলে নাথ, এ ছংখ মোর
জন্মের মত, মনে রহিল।

অনিক্ল । প্রেমিন ! তোমার দোষ কি বল দেখি, আমি যেমন কর্ম করেছি তদ্ধেপ ফল লাভও হয়েছে। আমার মনে কিছু মাত্র আক্ষেপ নাই। তুমি কেন লজ্জিত। বা ত-জ্ঞান্য অনুতাপিতা হছে।

উষা। আর্ষাপুত্র ! তুমি বল্ছ বটে, কিন্তু তোমার সেই কারারুদ্ধ প্রভৃতি নিদারুণ সংবাদ শ্রেবণাবধি, আনি যে জীবিত আছি কেন বলিতে পারি না। পাষাণ হৃদয় বিদীর্ণ হবার নয়, কঠিন প্রাণ নির্মত হবার নয় বলেই সেই সমস্ত দুঃসহ যন্ত্রণা, অর্থাৎ হস্তপদাদি শুখলের দারা বন্ধ, বক্ষস্থলে পাষাণ স্থাপন প্রভৃতি নিদারুণ সন্থাদ শ্রব-ণেও আমার মরণ হয় নি।

অনি। প্রাণাধিকে। তুমি বাই বল, আমার সেই কারা-বন্ধনাদি যাতনা তোমার অদর্শন দুঃখাপেক্ষা অধিক নহে, এখন তোমার বদন স্থাকরের পীযূষপূর্ণ বাক্য আবণে আর দে সকল যন্ত্রণার লেশ মাত্রও মনে নাই। তোমার বিরহ বেদনাপেকা বন্ধনদুংখ অতি সামানা জ্ঞান ছিল।

রাগিণী ভৈরবী—তাল চৌতাল।

সামান্য বন্ধনে, তত ছংখ ভাবি নাই মনে, যত তব অদর্শনে। পাষাণ হলে সহিত, সবছঃখ দূরে যেত, যখন তোমায় মনে হত, লো বিধুবদনে॥

मण्भृर्ग्ग्।

ঞ্জিলানচন্দ্র বিশ্বাস দারা প্রকাশিত।

